পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় ২০১৬-১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র: নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১)	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	০৪	০২	০২	-	-	২	সর্বনিম্ন-৯২.৩০% সর্বোচ্চ-১৩৬.৩৬%	২	সর্বনিম্ন-৩১.২৫% সর্বোচ্চ-(-)৩১.৩৪%

১.০। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বিপরীতে অন্তর্ভুক্ত ০৪ (চার) টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

২.০। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : বাস্তবায়ন পর্যায়ে কতিপয় অংগের কার্যক্রম অসমাপ্ত থাকায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ঘটে।

৩.০। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ :

সমস্যা	সুপারিশ
৩.১) শুমারী/জরিপ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর নিয়মিত কাজ। উন্নয়ন বাজেট থেকে পরিচালনা না করে রাজস্ব বাজেটের মাধ্যমে এ জাতীয় কাজ পরিচালনা করা সঠিক হবে মর্মে প্রতীয়মান হয়।	**৩.১)** শুমারী/জরিপ প্রতি ৫ বছর পর পরিচালনা করতে হয়।ভবিষ্যতে এ জাতীয় শুমারী/জরিপ উন্নয়ন খাতের পরিবর্তে রাজস্ব বাজেটের অর্থ দ্বারা নিয়মিত কাজের অংশ হিসেবে পরিচালনা করা যায় কিনা সে বিষয়টি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বিবেচনায় রাখবে;
৩.২) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বাস্তবায়নাধীন অন্য একটি প্রকল্প "ষ্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন অ্যান্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় আলোচ্য প্রকল্পের মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার ব্যবস্থা করার কথা। সে মোতাবেক উক্ত প্রকল্পের সাথে সমন্বয়পূর্বক সংগৃহীত তথ্য Online-এ এন্ট্রি করা হয়নি।	**৩.২)** আলোচ্য প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়। এই প্রকল্পের Online-এ এন্ট্রি করার Software টি ব্যবহার করে মাঠ পর্যায়ের সংগৃহীত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করার ব্যবস্থা অন্যান্য প্রকল্পে অব্যাহত রাখার ব্যাপারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে
৩.৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় প্রতি ১০ (দশ) বছর অন্তর আদমশুমারি পরিচালিত হয়ে থাকে। আদমশুমারির মধ্যবর্তী বছরগুলোর বিভিন্ন জনমিতিক তথ্য সরবরাহ করার জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। আগামী আদমশুমারি পরিচালিত হবে ২০২১ সালে। অপরদিকে এ প্রকল্পটি জুন, ২০১৭ সালে শেষ হয়েছে। এ প্রেক্ষাপটে আলোচ্য প্রকল্পটি আইএমইডির সমাপ্তি	৩.৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় প্রতি ১০ (দশ) বছর অন্তর আদমশুমারি পরিচালিত হয়ে থাকে। আদমশুমারির মধ্যবর্তী বছরগুলোর বিভিন্ন জনমিতিক তথ্য সরবরাহ করার জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। আগামী আদমশুমারি পরিচালিত হবে ২০২১ সালে। অপরদিকে এ প্রকল্পটি জুন, ২০১৭ সালে শেষ হয়েছে। এ প্রেক্ষাপটে আলোচ্য প্রকল্পটি আইএমইডির

সমস্যা	সুপারিশ
মূল্যায়নের পূর্বেই এমএসভিএসবি (২য় পর্যায়) নামে আর একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এতে পূর্বে বাস্তবায়িত প্রকল্পের সমস্যা ও সুপারিশ চিহ্নিত না করেই পরবর্তী প্রকল্প গ্রহণ করা হয়েছে।	সমাপ্তি মূল্যায়নের পূর্বেই এমএসভিএসবি ২য় পর্যায় নামে আর একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রাপ্তির পর আইএমইডি কর্তৃক চিহ্নিত সমস্যা ও সুপারিশের ভিত্তিতেই একই জাতীয় প্রকল্প গ্রহণ করা সমীচীন।
৩.৪ প্রকল্প সংশোধনের ফলে বাস্তবায়ন ব্যয় বৃদ্ধির সাথে মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয় (যেমনঃ কর্মচারীদের বেতন, বোনাস, পারিশ্রমিক) ইত্যাদি খাতে ব্যয় বৃদ্ধি পায়।	৩.৪ প্রকল্প সংশোধন করার ফলে বিপুল পরিমাণ সরকারি অর্থের অপচয় ঘটে। তাই বার বার প্রকল্প সংশোধন করার ধারা পরিহার করা বাঞ্ছনীয় । ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবে;

মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস্ অব বাংলাদেশ (এমএসভিএসবি)গীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন, ২০১৭)

১। **প্রকল্পের নাম** : মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিস্টিকস্ অব বাংলাদেশ (এমএসভিএসবি)

২। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়** : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

৪। **প্রকল্প এলাকা** : সমগ্র বাংলাদেশ।

৫। প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	**ঃ**	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**ব্যয় হ্রাস / বৃদ্ধির %)**
৫.১) মূল	ঃ	২৯৫৩.৮৫	২৯৫৩.৮৫	--	--
৫.২) ১ম সংশোধিত অনুমোদিত	ঃ	৩২৩৯.১৯	৩২৩৯.১৯	--	৯.৬৬%
৫.৩) ২য় সংশোধিত অনুমোদিত	ঃ	৩৮৮০.০০	৩৮৮০.০০	--	১৯.৭৮%
৫.৪) প্রকৃত ব্যয়	ঃ	৩৬৯৩.০৫	৩৬৯৩.০৫	-	

৬। বাস্তবায়নকাল	**ঃ**	**আরম্ভ**	**সমাপ্তি**
৬.১) মূল অনুমোদিত	ঃ	০১.০৭.২০১২	৩০.০৬.২০১৭
৬.২) ১ম সংশোধিত অনুমোদিত	ঃ	০১.০৭.২০১২	৩০.০৬.২০১৭
৬.৩) ২য় সংশোধিত অনুমোদিত	ঃ	০১.০৭.২০১২	৩০.০৬.২০১৭

০৭. **প্রকল্প অর্থায়ন** : জিওবি

৮। সাধারণ পর্যবেক্ষণ :

৮.১ **প্রকল্পের পটভূমিঃ** জনতাত্ত্বিক তথ্য সংগ্রহ করার ৩টি স্বীকৃত পদ্ধতি রয়েছে যেগুলো হল শুমা রি, নিবন্ধিকরণ ও নমুনা জরিপ। এ পদ্ধতিগুলোর মধ্যে নমুনা নিবন্ধিকরণ পদ্ধতি উন্নত পদ্ধতি হিসেবে বিবেচিত। কারণ এ পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ, স্থানান্তর সংক্রান্ত তথ্য নমুনা হতে ধারাবাহিকভাবে সংগ্রহ ও রিপোর্ট আকারে প্রকাশ করা হয়। ১৯৮০ সালে মাত্র ১০৩টি (৬২টি পল্লী + ৪১টি শহর) নমুনা এলাকায় (Primary Sampling Unit) এ তথ্য সংগ্রহ পদ্ধতি একটি উন্নয়ন প্রকল্পের আওতায় শুরু হয়। ১৯৮৩ সালে জরিপের নমুনা এলাকার সংখ্যা ১০৩টি হতে ২১০ এ উন্নীত করা হয়। যার মধ্যে পল্লী এলাকায় ছিল ১৫০টি এবং শহর এলাকায় ছিল ৬০টি। কিন্তু নমুনা এলাকার সংখ্যা কম হওয়ায় এ কার্যক্রমের আওতায় সংগৃহীত তথ্য জেলা পর্যায়ে এষ্টিমেট করা সম্ভব হতো না। তাই ১৯৯৫ সালে নমুনা এলাকার (Sample Area) সংখ্যা ২১০ হতে ৫০০ তে উন্নীত করা হয়।

দ্বৈত পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ, আগমন-বহির্গমন, জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি এবং প্রতিবন্ধী সংক্রান্ত তথ্য সংগ্রহ কার্যক্রম জোরদারকরণ ও জেলা পর্যায়ে তথ্য উপস্থাপনের জন্য ২০০০ সালে একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয় এবং ২০০২ সালে নমুনা এলাকার সংখ্যা ৫০০ হতে ১০০০ এ উন্নীত করা হয়। বর্তমান প্রকল্পে নতুন ২০১১ সালের আদম শুমারির ভিত্তিতে প্রণীত IMPS Design অনুযায়ী নমুনা এলাকার সংখ্যা ২০১২-তে উন্নীত করা হয়েছে। এ প্রকল্প হতে বর্তমানে বার্ষিক প্রক্ষেপিত জনসংখ্যা, জন্মহার, মৃত্যুহার, শিশু মৃত্যুহার, মাতৃ মৃত্যুহার, প্রত্যাশিত গড় আয়ু, বিবাহ/তালাকের হার, আগমন-বহির্গমন হার, জন্ম নিরোধক ব্যবহারের হার ও প্রতিবন্ধী হার ইত্যাদি তথ্য নিয়মিতভাবে প্রকাশ করা হয়। এ সমস্ত তথ্য শহর, পল্লী, বিভাগ ও

জেলা পর্যায়ে Estimate করা হয়। এ সমস্ত তথ্য পরিকল্পনাবিদ, নীতি নির্ধারক, উন্নয়ন সহযোগি সংস্থা কর্তৃক জনসংখ্যা পরিকল্পনা ও আর্থ-সামাজিক পরিকল্পনা প্রণয়নে ব্যবহৃত হচ্ছে।

এছাড়া জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রার (Millennium Development Goals) কয়েকটি গুরুত্বপূর্ণ Indicators যেমন Total Fertility Rate (TFR), Infant Mortality Rate (IMR), Maternal Mortality Ratio (MMR), Under Five Mortality Rate (U_5MR) এ প্রকল্পের তথ্য হতে নিয়মিতভাবে Estimate করা হতো। উল্লেখ্য, ১৯৮০ সাল হতে SVRS প্রকল্পের ধারাবাহিকতায় বর্তমান প্রকল্পটি ভিন্ন নামে অনুমোদিত হয়েছে।

৮.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ** প্রচলিত নিয়ম অনুসারে প্রতি ১০ বছর অন্তর আদম শুমারি পরিচালনা করা হয়। বাংলাদেশেও প্রতি ১০ বৎসর অন্তর পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আদমশুমা রি পরিচালনা করা হচ্ছে। আদমশুমা রি পরিচালনা করার পর তার তথ্য -উপাত্তের চূড়ান্ত প্রাক্কলন ও প্রতিবেদন পেতে আরো ২-৩ বছর সময় অতিবাহিত হয়। ফলে একটি আদমশুমা রির তথ্য-উপাত্ত প্রাপ্তির পর পরবর্তী আদমশুমারি পরিচালনার মধ্যবর্তী ১২-১৩ বছরের দীর্ঘ সময়ে যাতে গুরত্বপূর্ণ জনমিতিক ও আর্থ-সামাজিক সূচকের বছরভিত্তিক তথ্য-উপাত্ত প্রাপ্তিতে ব্যাঘাত না ঘটে তার জন্য নমুনা নিবন্ধন পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ, স্থানান্তর সংক্রান্ত তথ্য ধারাবাহিকভাবে সংগ্রহ ও প্রতিবেদন আকারে প্রকাশ করা হয় । এই প্রেক্ষাপটে আলোচ্য এমএসভিএসবি প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে জনসংখ্যা ও জনতাত্ত্বিক সম্পর্কিত সাম্প্রতিক এবং বিস্তারিত তথ্য সংগ্রহ করে প্রতিবেদনে প্রকাশ করার মাধ্যমে সরকারি নীতি-কৌশল প্রণয়নে সহায়তাসহ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বার্ষিক বাজেট প্রণয়নে সহযোগিতা প্রদান করা হচ্ছে। প্রকল্পের অন্যান্য উদ্দেশ্যসমূহ হ'ল ঃ

- সমগ্র বাংলাদেশে IMPS Design এর মাধ্যমে নির্বাচিত ২০১২টি নমুনা এলাকা (Primary Sampling Unit) হতে জনসংখ্যা ও জনতাত্ত্বিক বিষয়ক ১১টি তফসিলের মাধ্যমে নির্ভরযোগ্য ও সঠিক তথ্য সংগ্রহ করা;
- আন্তঃশুমারি বৎসরসমূহের জনসংখ্যা বৃদ্ধির উপাদানসমূহ যথা- জন্ম, মৃত্যু, আগমন, বহির্গমন এবং বিবাহ, তালাক এবং অন্যান্য আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ এবং নিয়মিতভাবে জনমিতি সম্পর্কিত সূচকসমূহের রিপোর্ট প্রকাশ করা;
- জনসংখ্যা ও জনতত্ত্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও সমন্বয় সাধনপূর্বক Computer এ ধারণ ও সংরক্ষণ করা;
- উন্নয়ন সহযোগী সংস্থা, গবেষক, পরিকল্পনাবিদ ও নীতিনির্ধারকগণের বস্তুনিষ্ঠ কাজে ব্যবহারের জন্য এ তথ্য সরবরাহ করা;
- স্থানীয় সরকারের সাথে যৌথভাবে সিভিল রেজিস্ট্রেশন ও ভাইটাল স্ট্যাটিস্টিকস্ (জন্ম-মৃত্যু) কার্যক্রম পরিচালনা, তথ্য প্রক্রিয়াকরণ ও ডাটা বেইস ব্যবস্থাপনায় অংশগ্রহণ করা;
- এ প্রকল্পের আওতায় ২০১২টি নমুনা এলাকায় মহিলাদের উন্নয়ন কর্মকান্ডে অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি ও কর্মসংস্থানের জন্য স্থানীয় রেজিষ্ট্রার হিসেবে তাদেরকে শতভাগ অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ করা;
- এ প্রকল্পের মাধ্যমে বিশুদ্ধ পানির প্রাপ্যতা, পানির ব্যবহার, আলোর উৎস, জ্বালানীর ব্যবহার, পয়ঃনিস্কাশন ও পরিবেশ দূষণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে পরিবেশ দূষণ দূরীকরণের জন্য পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা অন্যতম উদ্দেশ্য।

৮.৩। অনুমোদন পর্যায় :

সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি ২৯৫৩.৮৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১২ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ১৩.১১.২০১২ তারিখে "একনেক" কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ০২ (দুই) বার সংশোধন করা হয়। সংশোধনের কারণসমূহ নিম্নরূপ :

৮.৩.১। ১ম সংশোধনী :

দেশের ৬৪ টি জেলায় নবসৃষ্ট উপ-পরিচালক ও ৭ টি প্রশাসনিক বিভাগে সৃষ্ট যুগ্ম-পরিচালকদেরকে প্রকল্পের কার্যক্রম তদারকী করার জন্য পারিতোষিক প্রদান এবং বাংলাদেশের মত একই ধারায় Vital Registration পরিচালনাকারী বিভিন্ন দেশে ভ্রমণ ব্যয় নির্বাহের জন্য প্রকল্প ব্যয় ৯.৬৬% বৃদ্ধি করে ৩২৩৯.১৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় নির্ধারণপূর্বক প্রকল্পটিতে প্রথম সংশোধনী আনা হয় যা মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় ২১.০৭.২০১৪ তারিখে।

৮.৩.২। ২য় সংশোধনী :

আলোচ্য প্রকল্পটি ২০১৩ সালের জুলাই মাস থেকে ১৫০০ টি নমুনা এলাকায় কার্যক্রম পরিচালনার মাধ্যমে শুরু করা হয়েছিল। আদমশুমারি ও গৃহগণনা-২০১১ প্রকল্পের আওতায় প্রণীত Integrated Multipurpose Sample (IMPS) Design অনুযায়ী মোট ২০১২ টি নমুনা এলাকায় প্রকল্পের কার্যক্রম পরিচালনার করার সুযোগ রয়েছে। ২০১৫ সালের জানুয়ারি মাস হতে IMPS ডিজাইনের পূর্ণ বাস্তবায়ন শুরু করা হয়েছে কিন্তু প্রকল্পে ১৫০০ টি নমুনা এলাকার জন্য ১৫০০ জন রেজিষ্টার এবং ১৫০০ জন সুপারভাইজারদের জন্য অর্থ বরাদ্দ রাখা হয়েছে। অতিরিক্ত ৫১২ জনের জন্য অর্থ বরাদ্দ রাখা, নতুন বেতনকাঠামোর সাথে সংগতি রেখে প্রকল্পের জনবলের বেতন-ভাতা বৃদ্ধি, ইত্যাদি কারণে প্রকল্পটি দ্বিতীয়বার সংশোধন করা হয়। প্রকল্পের মেয়াদ অপরিবর্তিত রেখে ব্যয় বৃদ্ধিপূর্বক ৩৮৮০.০০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়, যা ৩১.১২.২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** আদমশুমারির মধ্যবর্তী বছরসমূহের জনসংখ্যা বৃদ্ধির উপাদান যথা- জন্ম, মৃত্যু, বিবাহ, আগমন, বহির্গমন, জন্ম-নিয়ন্ত্রণ পদ্ধতি, প্রতিবন্ধী ও HIV/AIDS সম্পর্কিত আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ করে নিয়মিতভাবে জনমিতিক সূচকসমূহ দাতা সংস্থা, গবেষক, পরিকল্পনাবিদ ও নীতিনির্ধারকগণের বস্তুনিষ্ঠ কাজে ব্যবহারের জন্য এ তথ্য সরবরাহ করা হয়।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ১৯৮০ সাল হতে দ্বৈত পদ্ধতিতে জন্ম, মৃত্যু, বিবাহ ও স্থানান্তর সংক্রান্ত তথ্য সংগ্রহ করে আসছে। দ্বৈত পদ্ধতিতে দু'টি পৃথক তথ্য সংগ্রহ পদ্ধতি অনুসরণ করা হয় যার একটি (System-1)পদ্ধতি হল স্থানীয়ভাবে নির্বাচিত ও এলাকার স্থায়ী বাসিন্দা একজন স্থানীয় রেজিষ্ট্রার, নমুনা এলাকায় সংঘটিত জন্ম, মৃত্যু, বিবাহ ও স্থানান্তর সংক্রান্ত তথ্য তাৎক্ষনিকভাবে সংগ্রহ করে পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তরে প্রেরণ করে। অপর পদ্ধতি (System-2) হ'ল ব্যুরোর মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক প্রতি তিন মাস অন্তর অন্তর একই তথ্য গণনা ও তদারকির ভিত্তিতে একই নমুনা এলাকার তথ্য সংগ্রহ করা হয়। সংগৃহীত তথ্য পরে ম্যাচিং করে সঠিকতা যাচাই করা হয় এবং প্রকৃত ঘটন সংখ্যা (events) নির্ণয় করে বিভিন্ন জনতাত্ত্বিক সূচক Estimate করে রিপোর্ট আকারে প্রকাশ করা হয়।

১০। **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ** (লক্ষ টাকায়)

কোড নং	পিপি অনুযায়ী কাজের আইটেম	একক	লক্ষ্য (পিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
			আর্থিক	বাস্তব (সংখ্যা)	আর্থিক	বাস্তব (সংখ্যা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
ক. রাজস্ব ব্যয়ঃ							
৪৬০১	কর্মচারীদের বেতন	জন	৯৩.৬৭	১৪ জন	৬৭.৬১ ৭২.১৮%	১৪ জন ১০০%	
৪৭১৩	উৎসব/বোনাস	জন	৫.৬০	১৪ জন	১.২৬ ২২.৫০%	১৪ জন ১০০%	
৪৭৬৫	যাতায়াত ভাতা (ফিক্সড) সুপারভাইজার, ডিডি ও জেডি	জন	৬০৬.২৮	২০৮৩ জন	৬০৬.২৮ ১০০%	২০৮৩ জন ১০০%	
সরবরাহ ও সেবাঃ							
৪৮০১	ভ্রমণ ব্যয়	জন	৮৪.০৮	৮৪ জন	৮৪.০৭ ১০০%	৮৪ জন ১০০%	
৪৮১৫	ডাক	থোক	৫.০০	থোক	৪.৯৫	থোক	

কোড নং	পিপি অনুযায়ী কাজের আইটেম	একক	লক্ষ্য (পিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
			আর্থিক	বাস্তব (সংখ্যা)	আর্থিক	বাস্তব (সংখ্যা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
					৯৯%	১০০%	
৪৮১৬	টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার/ মোবাইল	থোক	৫.০০	থোক	০.৪৬ ৯.২০%	থোক ১০০%	
৪৮২২	গ্যাস ও জ্বালানী	থোক	১২.০০	থোক	৬.৬১ ৫৫.০৮%	থোক ১০০%	
৪৮২৩	পেট্রোল ও লুব্রিক্যান্ট	থোক	৮.০০	থোক	৪.১৪ ৫১.৭৫%	থোক ১০০%	
৪৮২৪	বীমা/ব্যাংক চার্জেস	থোক	১.০০	থোক	- -	- -	
৪৮২৭	মূদ্রণ প্রকাশনা ও গবেষণা	থোক	৮৮.৯৪	থোক	৭৪.৪৯ ৮৩.৭৫%	থোক ১০০%	
৪৮২৮	ষ্টেশনারী, সীলস ও ষ্ট্যাম্পস	থোক	৫৫.১০	থোক	৫৩.৪৩ ৯৬.৯৭%	থোক ১০০%	
৪৮৩১	বইপত্র ও সাময়িকী	থোক	১.৫০	থোক	০.৬২ ৪১.৩৩%	থোক ১০০%	
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৬৮.৩১	থোক	৬৩.৬৮ ৯৩.২২%	থোক ১০০%	
৪৮৪০	প্রশিক্ষণ ব্যয়/ষ্ট্যাডি ট্যুর	জন	২৫৪.৯০	৪১৪৭ জন	২৫৪.৯০ ১০০%	৪১৪৭ জন ১০০%	
৪৮৪২	সেমিনার, কনফারেন্স	৩	১৫.০০	৩	১০.০০ ৬৬.৬৭%	৩ ১০০%	
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	থোক	২৩.৮৮	থোক	১৪.১৬ ৫৯.৩০%	থোক ১০০%	
৪৮৪৬	পরিবহন ব্যয়	থোক	১৫.৩৫	থোক	১৫.২৪ ৯৯.২৮%	থোক ১০০%	
৪৮৫১	অনিয়মিত শ্রমিক	থোক	১০.০০	থোক	১০.০০ ১০০%	থোক ১০০%	
৪৮৫৪	ব্যবহার্য দ্রব্যাদি ক্রয়	থোক	২.৫০	থোক	২.৪৪ ৯৭.৬০%	থোক ১০০%	
৪৮৭৪	কনসালটেন্সী	থোক	১৮.০০	থোক	১৮.০০ ১০০%	থোক ১০০%	
৪৮৮৩	সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক	২০১২	২১৬৮.৯৭	২০১২ জন	২১৫৩.৪২ ৯৯.২৮%	২০১২ জন ১০০%	
৪৮৮৬	সার্ভে (কিট ব্যাগ, ছাতা, এডিটিং, কোডিং ও ডাটা এন্ট্রি)	থোক	১৫০.৮৯	থোক	১৩০.৬০ ৮৬.৫৫%	থোক ১০০%	
৪৮৮৭	কপি/অনুলিপি ব্যয়	থোক	৫.০০	থোক	৫.০০ ১০০%	থোক ১০০%	
৪৮৮৮	কম্পিউটার সামগ্রী	থোক	১২.৮৯	থোক	১২.৮৮ ১০০%	থোক ১০০%	

কোড নং	পিপি অনুযায়ী কাজের আইটেম	একক	লক্ষ্য (পিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
			আর্থিক	বাস্তব (সংখ্যা)	আর্থিক	বাস্তব (সংখ্যা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৪৮৯৩	হায়ারিং চার্জ	থোক	২২.৫০	থোক	৬.৫৯ ২৯.২৯%	থোক ১০০%	
৪৮৯৫	কমিটি মিটিং/কমিশন	থোক	২৭.৮৭	থোক	১৯.৩৭ ৬৯.৫০%	থোক ১০০%	
৪৮৯৯	অন্যান্য ব্যয়	থোক	৫.৫০	থোক	৫.৫০ ১০০%	থোক ১০০%	
৪৯০১	মোটর যানবাহন	১	৫.০০	১	৩.৩৮ ৬৭.৬০%	১ ১০০%	
৪৯০৬	আসবাবপত্র	থোক	১.০০	থোক	০.৯১ ৯১%	থোক ১০০%	
৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	থোক	৫.০০	থোক	১.৭২ ৩৪.৪০%	থোক ১০০%	
৪৯১৬	যন্ত্রপাতি ও সরঞ্জাম	থোক	৫.০০	থোক	৪.৯৭ ৯৯.৪০%	থোক ১০০%	
৪৯২১	অফিস ভবন/ডেকোরেশন	থোক	১.০০	থোক	০.৯৬ ৯৬%	থোক ১০০%	
৪৯৫৮	লাইন কেবল ফর নেটওয়ার্কিং	থোক	২.০০	থোক	১.২৪ ৬২%	থোক ১০০%	
মোট রাজস্ব ব্যয়		-	**৩৭৮৬.৭৩**	-	**৩৬৩৮.৮৮ ৯৬.১০%**	১০০%	
৬৮০০	**খ. মূলধন ব্যয়ঃ**						
৬৮০৭	গাড়ী (মাইক্রোবাস) যানবাহন	সংখ্যা	২৯.৯৫	১	২৯.৯৫ ১০০%	১ ১০০%	
৬৮১২	ডিজিটাল ক্যামেরা	সংখ্যা	০.২৫	১	০.২৫ ১০০%	১ ১০০%	
৬৮১৩	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	সংখ্যা	১৮.৯২	৫২	৩.৯২ ২০.৭২%	৩৭ ৭১.১৫%	
৬৮১৫	কম্পিউটার ও অন্যান্য যন্ত্রাংশ	সংখ্যা	২৩.৯০	৭১	১১.৪৯ ৪৮.০৭%	২৬ ৩৬.৬২%	
৬৮১৭	কম্পিউটার সফ্টওয়্যার	সংখ্যা	৩.৫০	৫	০.৩৮ ১০.৮৩%	১ ২০%	
৬৮১৯	অফিস যন্ত্রপাতি	সংখ্যা	২.৭৫	৩	১.০৩ ৩৭.৪৫%	১ ৩৩.৩৩ %	
৬৮২১	আসবাবপত্র	থোক	৪.০০	থোক	৩.৭০ ৯২.৫০%	থোক ১০০%	
৬৮২৭	বৈদ্যুতিক সরঞ্জাম	থোক	১.০০	থোক	০.৬৬ ০.৬৬%	থোক ১০০%	
৬৮৫১	অন্যান্য	থোক	৯.০০	থোক	২.৭৯ ৩১%	থোক ১০০%	
মোট মূলধন ব্যয়		**–**	**৯৩.২৭**		**৫৪.১৭**	১০০%	-

কোড নং	পিপি অনুযায়ী কাজের আইটেম	একক	লক্ষ্য (পিপি অনুযায়ী)		প্রকৃত বাস্তবায়ন		বাস্তবায়ন না হওয়ার কারণ (±)
			আর্থিক	বাস্তব (সংখ্যা)	আর্থিক	বাস্তব (সংখ্যা)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
					৫৪.০৮%		
সর্বমোট ব্যয় (ক+খ)		**–**	**৩৮৮০.০০**		**৩৬৯৩.০৫ ৯৫.১৮%**	১০০%	-
মোট প্রকল্প ব্যয়		**–**	**-**		**৩৬৯৩.০৫ ৯৫.১৮%**	১০০%	-

১১। প্রকল্পের অনুকূলে বছর ভিত্তিক **এডিপি বরাদ্দ এবং অগ্রগতিঃ**

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্য				টাকা অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	পিএ	বাস্তব %		মোট	টাকা	পিএ	বাস্তব %
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
২০১২-১৩	২৭২.৫৯	২৭২.৫৯	-	১০০%	৫৮৪.০০	২৭২.৫৯	২৭২.৫৯	-	৮৫%
২০১৩-১৪	৫৮৮.৩৯	৫৮৮.৩৯	-	১০০%	৬২৩.০০	৫৮৮.৩৯	৫৮৮.৯৩	-	১১৫%
২০১৪-১৫	৭৩৮.৬৭	৭৩৮.৬৭	-	১০০%	৬৯৪.০০	৬৫৯.৭১	৬৫৯.৭১	-	১০০%
২০১৫-১৬	১১৮২.৫৪	১১৮২.৫৪	-	১০০%	১১৮৩.০০	১১০৩.৭০	১১০৩.৭০	-	১০০%
২০১৬-১৭	১০৯৭.৮১	১০৯৭.৮১	-	১০০%	১১৪৮.০০	১০৬৮.১২	১০৬৮.১২	-	১০০%
সর্বমোট	**৩৮৮০.০০**	**৩৮৮০.০০**	**০.০০**	**১০০%**	**৪২৩২.০০**	**৩৬৯৩.০৫**	**৩৬৯৩.০৫**	**-**	**১০০%**

১২। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
০১।	জনাব এ,কে,এম ফজলুল হক উপ-পরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	**উপ-পরিচালক**	পূর্ণকালীন	১১/০২/২০১৩ হতে ২৬/১১/২০১৩ পর্যন্ত
০২।	**জনাব একেএম আশরাফুল হক**	**যুগ্ম-পরিচালক**	পূর্ণকালীন	২৬/১১/২০১৩ হতে ৩০/০৬/২০১৭ (প্রকল্প সমাপ্ত পর্যন্ত)

১৩। **পকল্পের উদ্দেশ্যের বিপরাতে অজন ঃ**

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন
(ক) দক্ষ ও কার্যকরীভাবে তথ্য সংগ্রহ, প্রচার করা, জাতীয় এবং স্থানীয় পর্যায়ে বছরভিত্তিক দেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে জনমিতিক তথ্যের ব্যবহারের মাধ্যমে বিবিএস এর সক্ষমতাকে	(ক) জনমিতিক তথ্যের ব্যবহারের মাধ্যমে বিবিএস এর সক্ষমতাকে উন্নত ও শক্তিশালী করা হয়েছে।

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন
উন্নত ও শক্তিশালী করা।	
(খ) সময়পোযোগী সম্প্রসারিত ডাটাবেস প্রদান করা যা কম্পিউটার নেটওয়ার্ক এবং ইন্টারনেটে তাৎক্ষণিকভাবে শেয়ার করতে পারে।	(খ) উদ্দেশ্য অর্জিত হয়েছে
(গ) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জন্ম, মৃত্যু রেজিষ্ট্রেশন পদ্ধতির সাথে Sample Vital Registration পদ্ধতির সমন্বয়ের উদ্যোগ ও সহযোগিতা করা।	(গ) উদ্দেশ্য অর্জিত হয়েছে
(ঘ) জনতাত্ত্বিক ও আর্থ-সামাজিক তথ্যের উন্নয়ন করা।	(ঘ) জনতাত্ত্বিক ও আর্থ-সামাজিক তথ্যের উন্নয়ন সাধিত হয়েছে।
(ঙ) বর্তমান জনতাত্ত্বিক তথ্যের পরিধি ও আওতার প্রয়োজনীয়তা মেটানোর লক্ষ্যে চলমান Vital Statistics সম্পর্কিত ডাটাবেসকে শক্তিশালী করা।	(ঙ) Vital Statistics সম্পর্কিত ডাটাবেসকে শক্তিশালী করা হয়েছে।
(চ) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার নিম্নলিখিত গুরত্বপূর্ণ ৪টি সূচক - (a) Under Five Mortality Rate (U_5MR); (b) Infant Mortality Rate (IMR); (c) Maternal Mortality Ratio (MMR); (d) Total Fertility Rate (TFR)- এর অগ্রগতি পর্যবেক্ষণ করা।	(চ) সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার (MDG) গুরুত্বপূর্ণ ৪টি সূচক এর অগ্রগতি পর্যবেক্ষণ করা হয়েছে। উল্লেখ্য যে, Under Five Mortality Rate (U_5MR) ২০০৫ সালে ছিল ৬৮ জন, যেটি ২০১৬ সালে ৪৭ এ নেমে এসেছে এবং Infant Mortality Rate (IMR), ২০০৫ সালের ছিল প্রতি হাজারে ৫০ জন , যা ২০১৬ সালে ৩৬ এ নেমে এসেছে। এছাড়া Maternal Mortality Ratio (MMR) প্রতি হাজারে ২০০৫ সালে ৩ .৪৮ হতে ২০১৬ সালে ২ .১০ এ নেমে এসেছে এবং Total Fertility Rate (TFR) ২০০৫ সালে ২ .৪৬ হতে ২০১৬ সালে ২.১২ এ নেমে এসেছে। আরো উল্লেখ্য যে , life Expectation ২০০০ সালে ৬৩ .৬ হতে ২০০৯ সালে ৬৭.২ এ উন্নীত হওয়ায় সম্প্রতি সরকারী চাকুরীর বয়সসীমা ০২ (দুই) বৎসর বৃদ্ধি করা হয়েছে। ২০১৬ সালের প্রকাশনা অনুযায়ী Expectation of life ৭১.৬ তে উন্নীত হয়েছে। যার মধ্যে পুরুষ ৭০ .৩ এবং মহিলাদের প্রত্যাশিত গড় আয়ু ৭২.৯ বছর।

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন
(ছ) জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার প্রয়োগ করে সকল পর্যায়ের ব্যবহারকারীর উপযোগী জনসংখ্যা অভিক্ষেপ তৈরি করা।	(ছ) জনমিতিক তথ্যের ব্যবহারের মাধ্যমে বিবিএস এর সক্ষমতাকে উন্নত ও শক্তিশালী করা হয়েছে। জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার প্রয়োগ করে সকল পর্যায়ের ব্যবহারকারীর উপযোগী জনসংখ্যার অভিক্ষেপ তৈরি করা হয়েছে।

১৪। **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় কোন অংগের কাজ অসমাপ্ত নেই।

১৫। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্ত মুল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- পরিদর্শন প্রতিবেদন
- পিসিআর তথ্য পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৬। **মনিটরিং ঃ**

প্রকল্পটি আইএমইডি কর্তৃক ১৭/১০/২০১৬ ও ১৯/০৫/২০১৭ তারিখে সরাসরি পরিদর্শন করা হয়েছে। তাছাড়া, প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC), স্টিয়ারিং কমিটিসহ বিভিন্ন সভায় অংশগ্রহণের মাধ্যমে পরিবীক্ষণ করার প্রয়াস নেয়া হয়েছে এবং পিসিআর প্রাপ্তির পর প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়েছে।

১৭। **অডিট আপত্তি সংক্রান্ত তথ্যঃ**

নিরীক্ষার সময়	নিরীক্ষার রিপোর্ট জমা দেওয়ার তারিখ	প্রধান ফলাফল/আপত্তি	আপত্তি সমাধান হয়েছে কিনা?
(১)	(২)	(৩)	(৪)
২০১২-১৩ অর্থ বছর হতে ২০১৫-১৬ অর্থ বছর পর্যন্ত	০৬-০৯-২০১৬ খ্রিঃ	মাঠ পর্যায়ে প্রত্যন্ত অঞ্চল থেকে তথ্য কালেকশনের জন্য ১০০০ মহিলা রেজিস্ট্রারের Foundation Training না দিয়ে এবং কালেকশন না করা সত্ত্বেও ১ বছর আগের তথ্য কালেকশন দেখিয়ে ১ ,৪০,০০,০০০/- টাকা পারিশ্রমিক প্রদান।	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।
		বাজার দর অপেক্ষা অস্বাভাবিক বেশী দরে মাইক্রোবাস ক্রয় করায় ৯ ,১৭,৬৪৫/- টাকা আর্থিক ক্ষতি।	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।
		DPP অনুযায়ী প্রতিটি ইউনিটে একজন সুপাভাইজার নিয়োগ না করে তার চেয়ে অনেক কম সুপাভাইজার নিয়োগ দিয়ে ১৫০০ জনের বিল প্রদান করায় ২৮ ,৩৫,০০০/- টাকা আর্থিক ক্ষতি।	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।
		অস্বাভাবিক বেশী দরে স্টেশনারী দ্রব্যাদি ক্রয় করায় ৪,৪৮,০২২/- টাকা আর্থিক ক্ষতি।	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।
		সরকার অনুমোদিত অটবি ফার্নিচারের দোকান হতে সরাসবি ফার্নিচার ক্রয় না করায়	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।

নিরীক্ষার সময়	নিরীক্ষার রিপোর্ট জমা দেওয়ার তারিখ	প্রধান ফলাফল/আপত্তি	আপত্তি সমাধান হয়েছে কিনা?
(১)	(২)	(৩)	(৪)
		১,০২,৩৮০/- টাকা আর্থিক ক্ষতি।	
		সর্বনিম্ন দরদাতার নিকট থেকে সার্ভার মেশিন ক্রয় না করায় ১ ,২০,০০০/- টাকা আর্থিক ক্ষতি।	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।
		প্রকল্পের বিভিন্ন মিটিংয়ে প্রদত্ত সম্মানীর উপর ১৫% হারে ভ্যাট কর্তন না করায় ২৬ ,০১০/- টাকা সরকারের রাজস্ব ক্ষতি।	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।
২০১৫-১৬ অর্থ বছর	২২-০২-২০১৭ খ্রিঃ	খন্ড খন্ডভাবে ৪ ,৬৯,০২৮/- টাকার স্টেশনারী মালামাল ক্রয়।	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।
		স্টেশনারী কোড থেকে ২ ,১৭,৭২০/- টাকার কম্পিউটার সামগ্রী ক্রয়।	আপত্তিটি নিষ্পত্তি হয়েছে।

১৮। প্রকল্প পরিদর্শন ঃ

১৮.১ গত ২৬.০৯.২০১৭ তারিখে এ বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর -৮ এর পরিচালক মোঃ মোশারফ হোসেন কর্তৃক আলোচ্য প্রকল্পের কার্যালয় পরিদর্শন করা হয়। প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা পরিদর্শনকালে উপস্থিত ছিলেন।

১৮.২ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত তথ্যাদি :

i) প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে সারাদেশে Integrated Multipurpose Sample (IMPS) Design ব্যবহার করে নির্বাচিত ২০১২টি নমুনা এলাকা (Primary Sampling Unit) হতে জনসংখ্যা ও জনতাত্ত্বিক সূচক বিষয়ক ১১টি তফসিলের মাধ্যমে নির্ভরযোগ্য ও সঠিক তথ্য সংগ্রহ করা। এর ভিত্তিতে আন্তঃশুমারি বৎসরগুলোতে জনসংখ্যা সম্পর্কিত বিষয়সমূহ যথা- জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক/পৃথক বসবাস, আগমন, বহির্গমন, জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি, প্রতিবন্ধী, এইচআইভি/এইডস ইত্যাদি এবং অন্যান্য আর্থ -সামাজিক তথ্য সংগ্রহপূর্বক নিয়মিত বৎসরভিত্তিক জনমিতিক সূচকসমূহের প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা হয়ে থাকে।

ii) আলোচ্য প্রকল্পটি মাতৃ ও শিশু মৃত্যু সংক্রান্ত তথ্য নিয়মিত সংগ্রহ করে যাচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে বাংলাদেশে মাতৃ মৃত্যু হার, স্থূল জন্ম হার এবং গড় আয়ুষ্কাল সম্পর্কিত সাম্প্রতিক এবং বিস্তারিত তথ্য সংগ্রহ করে বাৎসরিক ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নের জন্য সরবরাহ করা হয়ে থাকে। এছাড়া আগমন /অভিবাসন সংক্রান্ত তথ্য এদেশের দারিদ্র বিমোচনের জন্য পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন যথেষ্ট ভূমিকা পালন করে আসছে।

iii) রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের মাধ্যমে খানার আকার , নিরাপদ পানি, জ্বালানী, আলোর উৎস ও স্যানিটেশন সুবিধাসহ নানাবিধ তথ্য সংগ্রহ করা হয়ে থাকে। সংগৃহীত এ ধরণের তথ্যের মাধ্যমে দেশের নাগরিক অধিকারসহ সুবিধাবঞ্চিত ও সুবিধাভোগী জনসংখ্যা নির্ধারণপূর্বক পরিকল্পনা প্রণয়ন সহজতর হয়।

iv) প্রকল্পে নতুন সংযোজিত দু 'টি indicator হচ্ছে Disability এবং HIV/AIDS। এর মাধ্যমে দেশের নারী -পুরুষের Disability-এর শতকরা হার ও এর ধরণ জানা সম্ভব। ফলে সরকারের প্রতিবন্ধী বান্ধব পরিকল্পনা প্রণয়নে এ প্রকল্পের মাধ্যমে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। এছাড়া , জনগণের মধ্যে বিশেষ করে ১৫ -৪৯ বয়সী মহিলাদের HIV/AIDS সম্পর্কে জনসচেতনা পরিমাপের লক্ষ্যে একটি Module সংযোজন করা হয়েছে। যাতে সরকার HIV/AIDS প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।

১৮.৩ প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলী : প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করা হয়ঃ

ক) SVRS-2011 এর রিপোর্ট প্রকাশ করা হয়েছে।

ক) SVRS-2012 এর রিপোর্ট প্রকাশ করা হয়েছে।

গ) SVRS-2013 এর রিপোর্ট প্রকাশ করা হয়েছে।

ঘ) ২০১৪ সালের রিপোর্ট ২০/১২/২০১৫ তারিখে প্রকাশ করা হয়েছে।

ঙ) ২০১৫ সালের রিপোর্ট ২২/০৬/২০১৬ তারিখে প্রকাশ করা হয়েছে।

চ) ২০১৬ সালের রিপোর্ট ২৯/০৫/২০১৭ তারিখে প্রকাশ করা হয়েছে। এছাড়া সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার (MDG) গুরুত্বপূর্ণ ৪টি সূচক এর অগ্রগতি পর্যবেক্ষণ করা হয়েছেঃ

i) Under Five Mortality Rate (U_5MR) ২০০৫ সালে ছিল ৬৮ জন, যেটি ২০১৬ সালে ৪৭ এ নেমে এসেছে ;

ii) Infant Mortality Rate (IMR), ২০০৫ সালের ছিল প্রতি হাজারে ৫০ জন, যা ২০১৬ সালে ৩৬ এ নেমে এসেছে।

iii) Maternal Mortality Ratio (MMR) প্রতি হাজারে ২০০৫ সালে ৩.৪৮ হতে ২০১৬ সালে ২.১০ এ নেমে এসেছে এবং

iv) Total Fertility Rate (TFR) ২০০৫ সালে ২.৪৬ হতে ২০১৬ সালে ২ .১২ এ নেমে এসেছে। আরো উল্লেখ্য যে , Expectation of life ২০০০ সালে ৬৩.৬ হতে ২০০৯ সালে ৬৭.২ এ উন্নীত হওয়ায় সম্প্রতি সরকারী চাকুরীর বয়সসীমা ০২ (দুই) বৎসর বৃদ্ধি করা হয়েছে। ২০১৬ সালের প্রকাশনা অনুযায়ী Expectation of life ৭১.৬ তে উন্নীত হয়েছে। যার মধ্যে পুরুষ ৭০.৩ এবং মহিলাদের প্রত্যাশিত গড় আয়ু ৭২.৯ বছর।



চিত্রেঃ ২২ শে জুন ২০১৬ বঙ্গবন্ধু সম্মেলন কেন্দ্রে SVRS 2015 এর রিপোর্ট মোড়ক উম্মোচন অনুষ্ঠানে বক্তব্য রাখেন মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়।



চিত্রেঃ ২৯ শে মে ২০১৭ NEC সম্মেলন কক্ষে SVRS 2016 এর রিপোর্ট মোড়ক উম্মোচন করা হয়।


চিত্রেঃ বঙ্গবন্ধু সম্মেলন কেন্দ্রে SVRS2014 এর রিপোর্ট মোড়ক উম্মোচন করা হয়।

১৯.০। প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচনা :

১৯.১ প্রকল্পটি জুলাই, ২০১২ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদকালে মূল বাস্তবায়ন ব্যয় ছিল ২৯৫৩.৮৫ লক্ষ টাকা। প্রকল্পটি ২ বার সংশোধন করা হয়েছে। সংশোধনে মেয়াদকাল ঠিক থাকলেও ২বার সংশোধনের ফলে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়ে ৩৮৮০ .০০ লক্ষ টাকা হয়েছে। ফলে মূল ব্যয় হতে ৯২৬.১৫ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি হয়েছে। এছাড়া বছর ভিত্তিক প্রতিবেদন প্রকাশ করার কথা থাকলেও প্রতিবেদন প্রকাশ করতে কিছুটা বিলম্ব হয়েছে।

১৯.২ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বাস্তবায়নাধীন অন্য একটি প্রকল্প "ষ্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন অ্যান্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় আলোচ্য প্রকল্পের মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার ব্যবস্থা করার কথা। সে মোতাবেক উক্ত প্রকল্পের সাথে সমন্বয়পূর্বক সংগৃহীত তথ্য Online-এ এন্ট্রি করা হয়নি।

১৯.৩ উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন (১টি মাইক্রোবাস) প্রকল্প সমাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুলে জমা দেয়ার বিধান রয়েছে। কিন্তু প্রকল্পের আওতায় ক্রয়কৃত মাইক্রোবাসটি পরিবহন পুলে জমা না দিয়ে এমএসভিএসবি (২য় পর্যায়) প্রকল্পে স্থানান্তরিত করা হয়েছে।

১৯.৪ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় প্রতি ১০ (দশ) বছর অন্তর আদমশুমারি পরিচালিত হয়ে থাকে। আদমশুমারির মধ্যবর্তী বছরগুলোর বিভিন্ন জনমিতিক তথ্য সরবরাহ করার জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। আগামী আদমশুমারি পরিচালিত হবে ২০২১ সালে। অপরদিকে এ প্রকল্পটি জুন, ২০১৭ সালে শেষ হয়েছে। এ প্রেক্ষাপটে আলোচ্য প্রকল্পটি আইএমইডির সমাপ্তি মূল্যায়নের পূর্বেই এমএসভিএসবি (২য় পর্যায়) নামে আর একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এতে পূর্বে বাস্তবায়িত প্রকল্পের সমস্যা ও সুপারিশ চিহ্নিত না করেই পরবর্তী প্রকল্প গ্রহণ করা হয়েছে।

২০.০। সুপারিশ ঃ

২০.১ প্রকল্পটি জুলাই, ২০১২ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদকালে মূল বাস্তবায়ন ব্যয় ছিল ২৯৫৩.৮৫ লক্ষ টাকা । প্রকল্পটি ২ বার সংশোধন করা হয়েছে। সংশোধনে মেয়াদকাল ঠিক থাকলেও ২বার সংশোধনের ফলে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়ে ৩৮৮০ .০০ লক্ষ টাকা হয়েছে। ফলে মূল ব্যয় হতে ৯২৬.১৫ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি হয়েছে। এছাড়া বছর ভিত্তিক প্রতিবেদন প্রকাশ করার কথা থাকলেও প্রতিবেদন প্রকাশ করতে কিছুটা বিলম্ব হয়েছে। তথ্য সময়মত প্রকাশ না করা হলে তথ্যের উপযোগিতা অনেকাংশে হ্রাস পায়। ফলে বিপুল পরিমাণ সরকারি অর্থের অপচয় ঘটে। তাই বার বার প্রকল্প সংশোধন করার ধারা পরিহার করা বাঞ্ছনীয়; এ ব্যাপারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২০.২ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বাস্তবায়নাধীন অন্য একটি প্রকল্প "ষ্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন অ্যান্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় আলোচ্য প্রকল্পের মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার ব্যবস্থা করার কথা। সে মোতাবেক উক্ত প্রকল্পের সাথে সমন্বয়পূর্বক সংগৃহীত তথ্য Online-এ এন্ট্রি করা হয়নি। মাঠ পর্যায়ের সংগৃহীত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করার ব্যবস্থা এমএসভিএসবি (২য় পর্যায়) প্রকল্পে রাখার ব্যাপারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২০.৩ উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন প্রকল্প সমাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুলে জমা দেয়ার বিধান রয়েছে। কিন্তু প্রকল্পের আওতায় ক্রয়কৃত মাইক্রোবাসটি পরিবহন পুলে জমা না দিয়ে এমএসভিএসবি (২য় পর্যায়) প্রকল্পে স্থানান্তরিত করার লক্ষ্যে ডিপিপিতে উল্লেখ আছে কিনা এ বিষয়টি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আইএমইডি'কে অবহিত করবে।

২০.৪ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় প্রতি ১০ (দশ) বছর অন্তর আদমশুমারি পরিচালিত হয়ে থাকে। আদমশুমারির মধ্যবর্তী বছরগুলোর বিভিন্ন জনমিতিক তথ্য সরবরাহ করার জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। আগামী আদমশুমারি পরিচালিত হবে ২০২১ সালে। অপরদিকে এ প্রকল্পটি জুন, ২০১৭ সালে শেষ হয়েছে। এ প্রেক্ষাপটে আলোচ্য প্রকল্পটি আইএমইডির সমাপ্তি মূল্যায়নের পূর্বেই এমএসভিএসবি ২য় পর্যায় নামে আর একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর আইএমইডির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রাপ্তির পর আইএমইডি কর্তৃক চিহ্নিত সমস্যা ও সুপারিশের ভিত্তিতেই একই জাতীয় প্রকল্প গ্রহণ করা সমীচীন।

২০.৫। অনুচ্ছেদ ২০.১ – ২০.৫ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদী সম্পর্কে আইএমইডি'কে যথাশীঘ্র অবহিত করতে হবে।

বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধিত মিয়ানমার নাগরিক শুমারি- ২০১৫ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন, ২০১৭)

১.০	**প্রকল্পের নাম**	ঃ	বাংলাদেশে অবস্থানরত অনিবন্ধি ত মিয়ানমার নাগরিক শুমারি - ২০১৫ (১ম সংশোধিত) ।
২.০	**উদ্যোগী মন্ত্রণালয়**	ঃ	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩.০	**বাস্তবায়নকারী সংস্থা**	ঃ	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৪.০	**প্রকল্পের ধরন**	:	বিনিয়োগ প্রকল্প
৫.০	**প্রকল্প এলাকা**	ঃ	দেশের ৬টি জেলার (চট্টগ্রাম, কক্সবাজার, রাংগামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও পটুয়াখালী) ৬৬টি উপজেলা।
৬.০	**প্রকল্পের অর্থায়ন**	:	জিওবি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

৭.০	**প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)**	ঃ	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**হ্রাস/বৃদ্ধি**
৭.১	মূল	ঃ	২১৭৫.০০	২১৭৫.০০	--	--

৮.০ বাস্তবায়নকাল	ঃ	**আরম্ভ**	**সমাপ্তি**
৮.১ মূল অনুমোদিত	ঃ	০১-০৪-২০১৫	৩১.০৩-২০১৬
৮.২ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি		০১-০৪-২০১৫	৩১-১২-২০১৬
৮.২ ১ম সংশোধিত অনুমোদিত	ঃ	০১-০৪-২০১৫	৩০-০৬-২০১৭

৯.০ সাধারণ পর্যবেক্ষণ :

৯.১ পটভূমি :

মিয়ানমারে জাতিগত দাঙ্গা ও বাংলাদেশের আর্থ -সামাজিক সুযোগ-সুবিধার আকর্ষণে বাংলাদেশ -মিয়ানমার সীমান্ত দিয়ে অবৈধভাবে মিয়ানমার নাগরিকরা অনবরত এদেশে প্রবেশ করছে। এসব মিয়ানমার নাগরিকরা মূলত কক্সবাজার, বান্দরবান, চট্টগ্রামসহ এর আশে পাশের জেলাসমূহে বসবাস করছে। অবৈধভা বে অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকরা যত্রতত্র বাসস্থান গড়ে তুলে সংরক্ষিত বনভূমি ধ্বংসসহ উপকূলীয় সমুদ্র বেষ্টনী কার্যক্রমের ক্ষতিসাধন করছে। যত্রতত্র বসবাসকারী এসব মিয়ানমার নাগরিকদের জীবনযাত্রার মান অত্যন্ত মানবেতর পর্যায়ের। তাদের মানবিক চাহিদা নিশ্চিত করতে আ ন্তর্জাতিক পর্যায় থেকে বাংলাদেশের উপর আব্যাহত অনুরোধ রয়েছে। মিয়ানমার শরণার্থী ও অবৈধভাবে অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিক সংক্রান্ত সমস্যা সমাধানে পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে প্রণীত জাতীয় কৌশলপত্র মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৩ সালের ১৪ মে তারিখে অনুমোদিত হয়। উল্লিখিত কৌশলপত্রে অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের ডাটাবেইজ প্রণয়নের জন্য বাংলাদেশ পরিসংখ্যানে ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তথা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-কে দায়িত্ব প্রদান করা হয়। শুমারি পরিচালনার মাধ্যমে

বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগ রিকদের একটি সমন্বিত ডাটাবেইজ প্রণয়ন করার জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯.২ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- শুমারি পরিচালনার মাধ্যমে বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের একটি সমন্বিত ডাটাবেইজ প্রণয়ন;
- নতুন অনুপ্রবেশকারীদের তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেইজ হালনাগাদকরণ;
- অনিবন্ধিত মিয়ানমার নাগরিকের ছবি ও প্রয়োজনীয় দলিলাদির ছবি ধারণ ও সংগ্রহ;
- বাংলাদেশে অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের বর্তমান অবস্থান এবং বাংলাদেশে অনুপ্রবেশের পূর্বে মিয়ানমারে তাদের মূল বাসস্থান নিরূপণ;
- মিয়ানমার নাগরিকদের বাংলাদেশে অনুপ্রবেশের অন্তর্নিহিত কারণসমূহ নিরূপণ;
- বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের আর্থ -সামাজিক ও জনমিতি সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন;

১০.০ **অনুমোদন পর্যায়ঃ**

প্রকল্পটি মোট ২১৭৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৫ হতে মার্চ, ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১০.০৫.২০১৫ তারিখে অনুমোদিত হয়।

১০.১ **ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিঃ**

পরবর্তীতে প্রকল্পটির বিপরীতে ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি-তে 'অনুমোদিত নতুন প্রকল্পের থোক' ও 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাত' থেকে অর্থছাড় করার পর প্রকল্প বাস্তবায়নের জন্য মাত্র পাঁচ মাস সময় পাওয়া যায়। ফলে পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী সকল কাজ বাস্তবায়ন সম্ভব হয়নি। এ কারণে শুমারি পরিচালনাসহ তথ্য এডিটিং/কোডিং, ধারণকৃত ছবি এডিটিং করে সমন্বিত ডাটাবেইজ প্রণয়ন ইত্যাদি কাজের জন্য প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরও ০৯ (নয়) মাস অর্থাৎ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়, যা ১২-০৪-২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১০.২ **১ম সংশোধনের কারনঃ** পরবর্তীতে বাস্তবতার নিরিখে প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ঠিক রেখে বাস্তবায়নকাল ৬ মাস অর্থাৎ ৩০ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করে প্রকল্পটি ১ম সংশোধনের প্রস্তাব করা হয়। প্রকল্পের ১ম সংশোধনীর প্রস্তাব মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৩০-০১-২০১৭ তারিখে অনুমোদন লাভ করে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক ১ম সংশোধনীর বিষয়ে গত ০৫-০২-২০১৭ তারিখে প্রশাসনিক আদেশ জারি করা হয়।

১১.০ **প্রকল্পটির মূল কার্যক্রমঃ**

(১) শুমারি লক্ষ্যভুক্ত ০৬ টি জেলায় জোনাল অপারেশন পরিচালনা;
(২) অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের ছবি গ্রহণপূর্বক তাদেরকে আইডি কার্ড প্রদান;
(৩) শুমারি পরিচালনার মাধ্যমে অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের ডাটাবেইজ প্রণয়ন।

১২.০ প্রকল্পের ব্যবস্থাপনা: কর্মসূচির শুরু হতে সমাপ্তি পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালক এর দায়িত্ব পালন করেনঃ

কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব গ্রহণ	ধরন
জনাব মোঃ আলমগীর হোসেন	উপ-পরিচালক	১৭-০৫-২০১৫	অতিরিক্ত দায়িত্ব

১৩.০ **ডিপিপি অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

উদ্দেশ্য	অর্জন
• শুমারি পরিচালনার মাধ্যমে বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের একটি সমন্বিত ডাটাবেইজ প্রণয়ন;	শুমারির তথ্যের ভিত্তি Oracle প্ল্যাটফরমে একটি সমন্বিত ডাটাবেইজ রিলেশনাল (RDBMS) উন্নয়ন করা হয়েছে।
• নতুন অনুপ্রবেশকারীদের তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেইজ হালনাগাদকরণ;	নতুন অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের অন্তর্ভুক্ত করে ডাটাবেইজ হালনাগাদ করা হয়েছে।
• অনিবন্ধিত মিয়ানমার নাগরিকের ছবি ও প্রয়োজনীয় দলিলাদির ছবি ধারণ ও সংগ্রহ;	শুমারিভুক্ত মিয়ানমার নাগরিকদের ছবি ও প্রয়োজনীয় দলিলাদির ছবি ধারণপূর্বক ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা হয়েছে।
• বাংলাদেশে অনিবন্ধিত মিয়ানমারা নাগরিকদের বর্তমান অবস্থান এবং বাংলাদেশে অনুপ্রবেশের পূর্বে মিয়ানমারে তাদের মূল বাসস্থান নিরূপণ;	বাংলাদেশে অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের বর্তমান অবস্থান এবং বাংলাদেশে অনুপ্রবেশের পূর্বে মিয়ানমারে তাদের মূল বাসস্থান চিহ্নিত করা হয়েছে।
• মিয়ানমার নাগরিকদের বাংলাদেশে অনুপ্রবেশের অন্তর্নিহিত কারণসমূহ নিরূপণ;	অন্তর্নিহিত কারণসমূহ ডাটাবেইজে নিরূপণ করা হয়েছে।
• বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের আর্থ -সামাজিক ও জনমিতি সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন;	আর্থ-সামাজিক ও জনমিতি সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করা হয়েছে।

১৪.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর ও অন্যান্য তথ্যের ভিত্তিতে)

ক্রমিক	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		
			আর্থিক	বাস্তব	আর্থিক	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	৪৬০১-বেতনাদি	ব্যক্তিমাস	৩.৬৯	১৬	৩.৩৭	৯১.৪০	১০০
২	৪৭১৩-ভাতাদি	সংখ্যা	০.৪৪	৫	০.৪২	৯৪.৭৮	১০০
৩	৪৮০১-ভ্রমণ	ব্যক্তি	১৪৮.৬৫	১২৩১	১৪৮.৬৫	**১০০.০০**	**১০০**
৪	৪৮০৫-ওভারটাইম	ব্যক্তিঘন্টা	৫.৪৩	১০৮৬০	৫.৪৩	**১০০.০০**	**১০০**
৫	৪৮১৫-ডাক	সংখ্যা	২.০০	১৫০০	০.৬৮	**৩৩.৯৮**	**১০০**

ক্রমিক	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		
			আর্থিক	বাস্তব	আর্থিক	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬	৪৮১৬- টেলিফোন/মোবাইল	সংখ্যা	৪.৬১	২	২.৫২	**৫৪.৬২**	**১০০**
৭	৪৮১৭-ইন্টারনেট/টেলেক্স/ফ্যাক্স	সংযোগ মাস	১০.৯২	১৮০০	১০.৬৮	**৯৭.৭৬**	**১০০**
৮	৪৮২২-গ্যাস ও জ্বালানী	ইউনিট	৩.০০	৮৫০০	২.৭৯	**৯৩.০৪**	**১০০**
৯	৪৮২৩-পেট্রোল, লুব্রিকেন্ট	লিটার	১০.৫০	১৬০০০	১০.৪৫	**৯৯.৫৬**	**১০০**
১০	৪৮২৪-বিমা ও ব্যাংক চার্জ	সংখ্যা	১.৩০	৮৫	০.৬৪	**৪৯.৫৪**	**১০০**
১১	৪৮২৭-মুদ্রণ ব্যয়	আইটেম	৫৪.০০	৪	৪৯.৬০	**৯১.৮৫**	**১০০**
১২	৪৮২৮-স্টেশনারী, সিল, স্ট্যাম্প	আইটেম	১১৮.৯৮	১৮	১১৮.৮৭	**৯৯.৯১**	**১০০**
১৩	৪৮৩১-বইপত্র ও সাময়িকী	মাস	০.৩৯	২৪	০.৩৭	**৯৩.৯৪**	**১০০**
১৪	৪৮৩২-অডিও ভিডিও	সংখ্যা	৫.০০	১	৫.০০	**৯৯.৯৬**	**১০০**
১৫	৪৮৩৩-প্রচার ও বিজ্ঞাপন	আইটেম	৫৬.৫৮	১৫	৫১.৭২	**৯১.৪১**	**১০০**
১৬	৪৮৪০-প্রশিক্ষণ ব্যয়	জন	১৫৩.৯৭	১৪১৫০	১০৪.২৩	**৬৭.৭০**	**১০০**
১৭	৪৮৪২-কর্মশালা, সেমিনার	সংখ্যা	৫.৭৫	৩	৩.২৫	**৫৬.৫২**	**১০০**
১৮	৪৮৪৫-আপ্যায়ন	জন	১০৭.১৭	১৫০০০	৯৯.৮৫	**৯৩.১৭**	**১০০**
১৯	৪৮৪৬-পরিবহন ব্যয়	আইটেম	২৪.৩৭	২	১৯.৪১	**৭৯.৬৩**	**১০০**
২০	৪৮৫১-শ্রমিক মজুরি	ব্যক্তিদিন	৫.৫০	১০০০	৫.৪৭	**৯৯.৪৫**	**১০০**
২১	৪৮৭৪-ডাটা প্রক্রিয়াকরণ ও আইসিআর পরামর্শক	ব্যক্তিমাস	২১.৫০	১১.৭৫	২১.৫০	**১০০.০০**	**১০০**
২২	৪৮৮৩সম্মানী/পারিতোষিক/পারিশ্রমিক	জন	৮৪৮.৬২	১৫০০০	৭৪৭.৮৭	**৮৮.১৩**	**১০০**
২৩	৪৮৮৬-সার্ভে	কার্যক্রম	১২২.৩৩	৫	১০৮.৬৩	**৮৮.৮০**	**১০০**
২৪	৪৮৮৭-গণনাকারী ও সুপারভাইজার ম্যাপ কপি	সংখ্যা	১.২৫	৫০০০	১.২৫	**১০০.০০**	**১০০**
২৫	৪৮৮৮-কম্পিউটার সামগ্রী	সংখ্যা	১৯.৬৫	৩১০	১৯.৩৬	**৯৮.৫০**	**১০০**
২৬	৪৮৯৩-হায়ারিং চার্জ	ব্যক্তিদিন	৪৭.২৫	১০৫০	৪০.২০	**৮৫.০৯**	**১০০**
২৭	৪৮৯৫-বিভিন্ন কমিটি মিটিং ব্যয়	সভা	৩০.০০	৮০	৯.৪২	**৩১.৩৯**	**১০০**
২৮	৪৮৯৯-অন্যান্য ব্যয়	সংখ্যা	১১.৩৯	৩৫	৭.৪৪	**৬৫.৩৩**	**১০০**
২৯	৪৯০১-যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	১.০০	১	০.৬৫	**৬৫.৩৯**	**১০০**
৩০	৪৯০৬-আসবাবপত্র মেরামত ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	০.৮০	৭	০.৩২	**৩৯.৬৬**	**১০০**
৩১	৪৯১১-কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	১.০০	১০	১.০০	**৯৯.৬১**	**১০০**
৩২	৪৯১৬-ডাটা প্রক্রিয়াকরণ যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ	সংখ্যা	৪.০০	২	০.০০	--	**১০০**
৩৩	৬৮০৭-মটরযান	সংখ্যা	৬০.০০	১	৬০.০০	**১০০.০০**	**১০০**
৩৪	৬৮১৫-কম্পিউটার যন্ত্রাংশ	সংখ্যা	২১.৩৮	২০	২০.৪৮	**৯৫.৭৯**	**১০০**
৩৫	৬৮১৭-কম্পিউটার সফটওয়ার	সংখ্যা	২৯.৫০	৫	২৮.৮০	**৯৭.৬৩**	**১০০**
৩৬	৬৮১৯-অফিস সরঞ্জামাদি	সংখ্যা	৯.০৫	৭	৮.৭৫	**৯৬.৭০**	**১০০**
৩৭	৬৮২১-আসবাবপত্র	সংখ্যা	৮.০৩	৩৩	৮.০৩	**১০০.০০**	**১০০**
৩৮	৬৮২৩ ছবি তোলার সরঞ্জাম (ফ্যাবলেট)	সংখ্যা	২১৬.০০	১৮০০	২১৫.২০	**৯৯.৬৩**	**১০০**
	মোট		২১৭৫.০০	--	**১৯৪২.৩০**	**৮৯.৩০%**	**১০০%**

১৫. মালামাল ক্রয় সংক্রান্ত তথ্যঃ

টিপিপি অনুযায়ী মালামালের বিবরণ		প্রকল্প পরিচালকের মন্তব
বিবরণ	**সংখ্যা**	এসকল ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং প্রক্রিয়ায় পিপিআর ২০০৮ অনুসরণপূর্বক যথাযথ প্রক্রিয়ায় সম্পন্ন করা হয়েছে।
১. ডেস্কটপ কম্পিউটার	৮টি	
২. ল্যাপটপ কম্পিউটার	৩টি	
৩. ফ্যাবলেট	১৮০০ টি	
৪. কালার প্রিন্টার	১টি	
৫. লেজার প্রিন্টার	৩টি	
৬. স্ক্যানার	২টি	
৭. ফটোকপিয়ার	১টি	
৮. এয়ারকন্ডিশনার	৪টি	
৯. রেফ্রিজারেটর	১টি	
১০. ব্লেড সার্ভার	১টি	
১১. সেক্রেটারিয়েট টেবিল (এক্সিকিউটিভ),	১টি	
১২. সেক্রটারিয়েট টেবিল (স্ট্যান্ডার্ড),	১টি	
১৩. রাউন্ড টেবিল,	১টি	
১৪. এক্সিকিউটিভ চেয়ার,	৫টি	
১৫. ফ্রন্ট চেয়ার,	১০টি	
১৬. আলমারি,	৪টি	
১৭. ফাইল কেবিনেট,	৬টি	
১৮.বুক সেল্ফ,	৪টি	
১৯. সোফা সেট,	১টি	
২০. ডিজিটাল ক্যাশ ভল্ট,	১টি	
২১. মাল্টিমিডিয়া প্রজেক্টর	১টি	
২২. ইউপিএস	১টি	

১৬.০ **অডিট আপত্তি সংক্রান্ত তথ্যঃ** ২০১৫-১৬ অর্থবছরে অডিট সম্পন্ন হয়েছে। উক্ত অডিটের আওতায় সকল আপত্তি ইতোমধ্যে নিষ্পত্তি করা হয়েছে। ২০১৬ -১৭ অর্থবছরের অডিট কার্যক্রম এখনও সম্পন্ন হয়নি।

১৭.০ প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন অবস্থা পর্যালোচ নাঃ গত ২৬.০২.২০১৮ তারিখে প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ প্রকল্পের বাস্তববায়ন অগ্রগতি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ

১৭.১ **শুমারি পরিচালনার মাধ্যমে বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের একটি সমন্বিত ডাটাবেইজ প্রণয়নঃ**

জুন, ২০১৬ তারিখে এই শুমারির আওতায় দেশের মোট ৬ (ছয়)টি জেলায় (কক্সবাজার, বান্দরবান, চট্টগ্রাম, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও পটুয়াখালী) বসবাসকারী 'অনিবন্ধিত মিয়ানমার নাগরিক'গণের তথ্য সংগ্রহ করা হয়। ২০১৬ সালের মার্চ, ২০১৭ সালে নতুন করে সহিংসতার প্রেক্ষিতে নতুন অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের ওপর পুনরায়

শুমারি পরিচালনা করা হয়। উভয় শুমারির তথ্যের উপর ভিত্তি Oracle প্ল্যাটফরমে একটি সমন্বিত ডাটাবেইজ রিলেশনাল (RDBMS) উন্নয়ন করা হয়েছে।

১৭.২ **<u>নতুন অনুপ্রবেশকারীদের তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেইজ হালনাগাদকরণঃ</u>**পরিদর্শনকালে দেখা যায় যে, ২০১৭ সালের ০২-১৪ মার্চ, তারিখে নতুন অনুপ্রবেশকারী মিয়ানমার নাগরিকদের অন্তর্ভুক্ত করে ডাটাবেইজ হালনাগাদ করা হয়েছে।

১৭.৩ **<u>অনিবন্ধিত মিয়ানমার নাগরিকের ছবি ও প্রয়োজনীয় দলিলাদির ছবি ধারণ ও সংগ্রহঃ</u>**মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করে শুমারিভুক্ত মিয়ানমার নাগরিকদের ছবি ও প্রয়োজনীয় দলিলাদির ছবি ধারণপূর্বক ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা হয়েছে।

১৭.৪ **বাংলাদেশে অনিবন্ধিত মিয়ানমারা নাগরিকদের বর্তমান অবস্থান এবং বাংলাদেশে অনুপ্রবেশের পূর্বে মিয়ানমারে তাদের মূল বাসস্থান নিরূপণঃ** প্রশ্নপত্রের নির্ধারিত ফরম্যাটে বাংলাদেশে অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের বর্তমান অবস্থান এবং বাংলাদেশে অনুপ্রবেশের পূর্বে মিয়ানমারে তাদের মূল বাসস্থান চিহ্নিত করা হয়েছে। বাংলাদেশ ও মিয়ানমারের জিও কোড ব্যবহার করে মোবাইল অ্যাপ্লিকেশনের মাধ্যমে প্রশাসনিক বিন্যাসসহ তা সত্যকরণ (Authenticate) করে ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা হয়েছে।

১৭.৫ **মিয়ানমার নাগরিকদের বাংলাদেশে অনুপ্রবেশের অন্তর্নিহিত কারণসমূহ নিরূপণঃ**মিয়ানমার নাগরিকদের বাংলাদেশে অনুপ্রবেশের অন্তর্নিহিত কারণসমূহ ডাটাবেইজে অন্তর্ভুক্ত করে নিরূপণ করা হয়েছে।

১৭.৬ **<u>বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের আর্থসামাজিক ও জনমিতি সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়নঃ</u>** বাংলাদেশে অবস্থানকারী অনিবন্ধিত মিয়ানমার নাগরিকদের আর্থ-সামাজিক ও জনমিতি সংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করা হয়েছে।

১৮.০। <u>প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচনাঃ</u>

১৮.১ প্রকল্পটির মূল মেয়াদকাল ছিল এপ্রিল, ২০১৫ হতে মার্চ, ২০১৬ পর্যন্ত। প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৯ মাস অর্থাৎ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়। উক্ত সময়ের মধ্যেও প্রকল্পের কাজ শেষ না হওয়ায় বাস্তবায়ন ব্যয় ঠিক রেখে ১ম সংশোধনীর মাধ্যমে প্রকল্পটি র বাস্তবায়নকাল ১ বছর বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প সংশোধনের ফলে বাস্তবায়ন ব্যয় বৃদ্ধি না পেলেও মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয় (যেমনঃ কর্মচারীদের বেতন, বোনাস, পারিশ্রমিক) ইত্যাদি খাতে ব্যয় বৃদ্ধি পায়।

১৮.২ প্রতিকূল আবহাওয়ার কারণে মাঠ পর্যায়ে শুমারি অনুষ্ঠানে কিছুটা সমস্যার সম্মুখীন হতে হয়েছে মর্মে প্রতীয়মান হয়। ফলে প্রকল্প বাস্তবায়নে সময় বেশী লেগেছে মর্মে জানা গেছে।

১৮.৩ আলোচ্য প্রকল্পটির ২০১৬-২০১৭ সালের যে অংশের অডিট কার্যক্রম সম্পাদন করা হয়নি , তা সম্পাদন করার ব্যবস্থা নিতে হবে;

১৯.০। <u>সুপারিশ ঃ</u>

১৯.১ প্রকল্প সংশোধন করার ফলে বিপুল পরিমাণ সরকারি অর্থের অপচয় ঘটে। তাই বার বার প্রকল্প সংশোধন করার ধারা পরিহার করা বাঞ্ছনীয়। ভবিষ্যত্তেপ্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবে;

১৯.২ প্রতিকূল আবহাওয়ার কারণে শুমারীর কাজ যেন বিলম্বিত না হয় সেদিকে দৃষ্টি দিয়ে ভবিষ্যতে যে কোন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সচেষ্ট থাকবে;

১৯.৩ শুমারির মাধ্যমে প্রণয়নকৃত ডাটাবেইজ নিয়মিত বিরতিতে হালনাগাদ করার ব্যাপারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

১৯.৪ প্রকল্পটির ২০১৬-২০১৭ অর্থবছরের অনিষ্পন্ন Internal ও External অডিট সম্পাদনপূর্বক আইএমইডিতে অবহিত করতে হবে;

১৯.৫ অনুচ্ছেদ ১৯.১ – ১৮.৪ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আইএমইডি'কে যথাশীঘ্র অবহিত করতে হবে।

স্ট্রেংদেনিং এ্যাগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম (AMIS) ইন বাংলাদেশ (১ম সংশোধীত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৭)

১.০	**প্রকল্পের নাম**	ঃ	স্ট্রেংদেনিং এ্যাগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম (AMIS) ইন বাংলাদেশ (১ম সংশোধীত) শীর্ষক সমাপ্ত প্রকল্প ।
২.০	**উদ্যোগী মন্ত্রণালয়**	ঃ	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩.০	**বাস্তবায়নকারী সংস্থা**	ঃ	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৪.০	**প্রকল্পের ধরন**	:	কারিগরী সহায়তা প্রকল্প
৫.০	**প্রকল্প এলাকা**	ঃ	সমগ্র বাংলাদেশ
৬.০	**উন্নয়ন সহযোগী**	:	বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা (FAO)

৭.০	**প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)**	**ঃ**	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**হ্রাস/বৃদ্ধি**
৭.১	মূল	ঃ	৭০০.০০	৪০.৪১	৬৫৯.৫৯	--
৭.২	১ম সংশোধিত	ঃ	৭০০.০০	৪০.৪১	৬৫৯.৫৯	--

৮.০ বাস্তবায়নকাল	**ঃ**	**আরম্ভ**	**সমাপ্তি**
৮.১ মূল অনুমোদিত	ঃ	মে, ২০১৫	জুন, ২০১৬
৮.২ ১ম সংশোধিত অনুমোদিত	ঃ	মে, ২০১৫	জুন, ২০১৭

৯.০ সাধারণ পর্যবেক্ষণ :

৯.১ পটভূমি :

বাংলাদেশে খাদ্য শস্যের উৎপাদন ও চাহিদা উভয়ই অধিক। তাই খাদ্য ব্যবস্থাপনা বিশেষত : আমদানি – রপ্তানীতে খাদ্যের সঠিক উৎপাদন পরিসংখ্যান অত্যন্ত প্রয়োজনীয়। তাই খাদ্যের সঠিক উৎপাদন হিসাব প্রণয়নের লক্ষ্যে বিজ্ঞানসম্মত পরিসংখ্যানিক পদ্ধতি ও আধুনিক টেকনোলজি ব্যবহারের মাধ্যমে কিভাবে সঠিক খাদ্যের উৎপাদন হিসাব প্রণয়ন করা যায় তা নিশ্চিত করার লক্ষ্যে FAO এর আর্থিক ও কারিগরী সহায়তায় গ্রান্টের আওতায় এই প্রকল্পটি গ্রহণ করা হয়।

৯.২ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

(১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক অনুসৃত ধান ও ভুট্টা ফসলে বাৎসরিক উৎপাদন হিসাব প্রাক্কলন পদ্ধতি যাচাই এবং পরিসংখ্যানিক দিক দিয়ে এ বিষয়ক নির্ভুল পদ্ধতি প্রণয়ন;

(২) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে ধান ও আলু ফসল উৎপাদন সংক্রান্ত পূর্বাভাস (Forecast) প্রদানের জন্য পরিসংখ্যানিক পদ্ধতি প্রণয়ন করা;

(৩) প্রাইভেট স্টক অব ফুড গ্রেইন (ধান, গম ও ভুট্টা) ফসলের বিষয়ে খানা ও মিলার পর্যায়ে সার্ভে পরিচালনা ও ফলাফল প্রকাশ;

(৪) ওয়ার্কশপ, প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিসহ মানব সম্পদ উন্নয়ন।

১০.১ <u>প্রকল্পের অনুমোদন পর্যায়ঃ</u> আলোচ্য প্রকল্পটি ৭০০.০০ লক্ষ টাকা (জিওবি ৪০.৪১ + প্রঃ সাঃ ৬৫৯.৫৯) প্রাক্কলিত ব্যয়ে মে, ২০১৫ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য FAO ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মধ্যে ৩১-১২-২০১৪ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত দলিল (প্রকল্প ডকুমেন্ট) অনুযায়ী TPP প্রস্তুত করা হয়। প্রাক্কলিত ব্যয় ৭.০০ কোটি টাকার মধ্যে হওয়ায় তৎকালীন প্রকল্প অনুমোদনের নিয়ম অনুযায়ী ১৪-০৫-২০১৫ তারিখে অনুষ্ঠিত DSPEC এর সভার সুপারিশের ভিত্তিতে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পটি ২৭-০৫-২০১৫ তারিখে অনুমোদন লাভ করে।

১০.২ ১ম সংশোধনের কারনঃ প্রকল্পের মূল ডকুমেন্ট অনুযায়ী সেপ্টেম্বর , ২০১৪ তারিখে প্রকল্পের কার্যক্রম শুরু হওয়ার কথা থাকলেও প্রকল্পটি অনুমোদন প্রক্রিয়ায় যাবতীয় কার্যক্রম শেষ করার পর মে , ২০১৫ মাসে প্রকল্পটি অনুমোদন লাভ করে। অর্থাৎ প্রকল্প শুরু হওয়ার পূর্বেই ৯ (নয়) মাস অতিক্রান্ত হওয়ায় প্র কল্পের প্রাক্কলিত ব্যয় ঠিক রেখে বাস্তবায়নকাল ১ বছর বৃদ্ধি করে প্রকল্পটি সংশোধন করা হয়।

১১.০ <u>প্রকল্পের মূল কার্যক্রমঃ</u>

১) বর্তমানে ব্যবহৃত ধান ও ভুট্টা ফসলের বাৎসরিক উৎপাদন হিসাব প্রাক্কলন পদ্ধতি যাচাইপূর্বক একটি নির্ভুল উন্নত পরিসংখ্যানিক পদ্ধতি উদ্ভাবন;
২) ধান ও আলু ফসল উৎপাদনের পূর্বাভাস পদ্ধতি প্রণয়ন; এবং
৩) দক্ষতা বৃদ্ধির জন্য কর্মশালা আয়োজন ও প্রশিক্ষণ প্রদান।

১২.০ অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি (সর্বশেষ অনুমোদিত পিপি অনুযায়ী)

অর্থনৈতিক কোড	খাতের বিবরণ	Target (as per TPP)		Actual Progress	
		Financial		Financial	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
রাজস্ব খাত					
৪৮০০	সবররাহ ও সেবা				
৪৮০১	টিএ/ডিএ	-	৭১.৫৩		৬৪.৪৯
৪৮০৫	ওভারটাইম	-	৪.০০		৪.০০
৪৮২৮	স্টেশনারী	-	১৬.৯০		১৬.৯০
৪৮৩১	বইপত্র ও সাময়িকী	-	০.২৫		০.২৫
৪৮৪০	প্রশিক্ষণ ব্যয়	-	১৫.১০		৭২.১৮
৪৮৪২	সেমিনার/ওয়ার্কশপ	-	১০০.৬৮		৮৬.৬০
৪৮৭৪	কনসাটেন্সি	-	১৮০.২৯		১৮০.২৯
৪৮৮৩	সম্মানীভাতা/ফি/পারিশ্রমিক	-	২৭.৩৭		১৪.৩৪
৪৮৮৬	সার্ভে স্ট্যাডি	-	৩৮.৯৪		৩৮.৭০
৪৮৯৩	গাড়ি হায়ারিং চার্জ	-	১৭.৪৭		১৭.৪৩
৪৮৯৯	অন্যান্য	-	১৩০.৮৩		১০১.০৭
উপ-মোট (রাজস্ব)		**-**	৬০৩.৩৬		**৫৯৬.২৫**
মূলধন খাত					

অর্থনৈতিক কোড	খাতের বিবরণ	Target (as per TPP)		Actual Progress	
		Financial		Financial	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৬৮১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ		১.০০		৭৫.৩২
৬৮২১	আসবাবপত্র	-	৯৫.৬৪		০.৫৩
	উপ-মোট (মূলধন)	-	৯৬.৬৪		৭৫.৮৫
মোট (রাজস্ব + মূলধন)		-	৭০০.০০		**৬৭২.১০**

১৩.০ সংশোধনী এডিপি বরাদ্দ এবং অগ্রগতি:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	মূল ডিপিপি অনুযায়ী আর্থিক এবং বাস্তব লক্ষ্যমাত্রা				টাকা অবমুক্ত	সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী আর্থিক এবং বাস্তব লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	ডিপিত্র	বাস্তব %		মোট	টাকা	ডিপিএ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৫-১৬	৩৮৮.০২	২০.৬৬	৩৬৭.৩৬	৪৮%	৩৮৮.০২	৩৬০.১৭	২০.১৭	৩৪০.০০	৯২.৮২ %
২০১৬-১৭	৩১১.৯৮	১৯.৭৫	২৯২.২৩	১০০%	৩১১.৯৮	৩১১.৯৩	১৯.৬৯	২৯২.২৪	৯৯.৯৮
-	৭০০.০০	৪০.৪১	৬৫৯.৫৯	-	৭০০.০০	৬৭২.১০	৩৯.৮৬	৬৩২.২৪	-

১৪.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

TAPP অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন	ঘাটতির কারণ (যদি থাকে)
(ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক অনুসৃত ধান ও ভুট্টা ফসলের বাৎসরিক উৎপাদন হিসাব প্রাক্কলন পদ্ধতি যাচাই এবং পরিসংখ্যানিক দিক দিয়ে এ বিষয়ক নির্ভুল পদ্ধতি প্রণয়ন;	ধান ও ভুট্টা ফসলের বার্ষিক উৎপাদন হিসাব প্রাক্কলন পদ্ধতি যাচাইপূর্বক নতুন পদ্ধতি প্রণয়ন করা হয়েছে।	প্রযোজ্য নয়
(খ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে ধান ও আলু ফসল উৎপাদন সংক্রান্ত পূর্বাভাস (forecast) প্রদান সংক্রান্ত পরিসংখ্যানিক পদ্ধতি প্রণয়ন;	ধান ও আলু ফসলের উৎপাদনের পূর্বাভাস প্রদান পদ্ধতি যাচাইপূর্বক নতুন পদ্ধতি প্রণয়ন করা হয়েছে।	
(গ) প্রাইভেট স্টক অব ফুড গ্রেইন (ধান, গম ও ভুট্টা) ফসলের বিষয়ে খানা ও মিলার পর্যায় সার্ভে পরিচালনা ও ফলাফল প্রকাশ; এবং	প্রাইভেট স্টক অব ফুড গ্রেইন ((ধান, গম ও ভুট্টা) ফসলের খানা ও মিলার পর্যায়ে সার্ভে পরিচালনা করা হয়েছে ও প্রতিবেদন প্রকাশ করা হয়েছে;	
(ঘ) ওয়ার্কশপ, প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিসহ মানব সম্পদ উন্নয়ন।	প্রকল্প কর্তৃক ৪টি জাতীয় ওয়ার্কশপ ও ১টি আন্তর্জাতিক সেমিনার করা হয়েছে; এছাড়া প্রকল্প	

TAPP অনুযায়ী উদ্দেশ্য	বাস্তব অর্জন	ঘাটতির কারণ (যদি থাকে)
	কর্তৃক প্রণীত ফসলের উৎপাদন প্রাক্কলন বিষয়ক নতুন পদ্ধতির বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, স্পারসো, এফপিএমইউ, কৃষি মন্ত্রণালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা কমিশনের সর্বমোট ১৬৯৫ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকল্প কর্তৃক একটি তথ্য সংগ্রহ ম্যানুয়াল ও সার্বিক কর্মকান্ড নিয়ে Methodology ও Survey Findings নিয়ে Analytical Report on Methodologies of Crop Estimation & Forecast and Privte Stock of Food Grain Survey 2016-17 প্রকাশ করা হয়েছে।	

১৫. প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্ব কাল	দায়িত্বের ধরন (নিয়মিত/অতিরিক্ত)
জনাব বিধান বড়াল	যুগ্ম-পরিচালক, বিবিএস	পূর্ণ সময়	অতিরিক্ত দায়িত্ব

১৬.০ প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন অবস্থা পর্যালোচ নাঃ গত ১০.০১.২০১৮ তারিখে প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ প্রকল্পের বাস্তববায়ন অগ্রগতি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ

১৬.১ কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানঃ প্রকল্পের আওতায় বিভিন্ন পর্যায়ের ১৬৯৫ জন কর্মকর্তা ও কর্মচারীদের ২ দিনের স্থানীয় প্রশিক্ষণ ও ৮ জন কর্মকর্তাকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৬.২ মালামাল ক্রয় সংক্রান্ত তথ্যঃ পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় ৯ টি ডেস্কটপ কম্পিউটার, ১ টি ল্যাপটপ, এবং ১ টি ফটোকপিয়ার FAO কর্তৃক ক্রয় করা হয়েছে যা বর্তমানে সচল অবস্থায় দেখতে পাওয়া গেছে।

১৬.৩ <u>খাদ্যের উৎপাদন ও যোগান সংক্রান্ত তথ্য প্রকাশঃ</u> দেশে খাদ্যদ্রব্যের উৎপাদন, যোগান, মূল্য ইত্যাদি বিশ্লেষণসহ খাদ্যের সঠিক যোগান নির্ণয়ে প্রয়োজনীয় সার্ভে পদ্ধতির আধুনিকায়নের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়। সেক্ষেত্রে অর্থনৈতিক ধারণা অনুযায়ী যোগান ও চাহিদার ভিত্তিতে মার্কেট প্রাইস নির্ণয়ের বিষয়টি প্রয়োজন। এ প্রকল্পের মাধ্যমে খাদ্যের উৎপাদন অর্থাৎ যোগান সংক্রান্ত পূর্ণ ও সঠিক তথ্য প্রকাশ করা হয়েছে।

১৬.৪ <u>খাদ্যের Supply Chain সম্পর্কে ফলাফল প্রকাশঃ</u> প্রকল্প কর্মকান্ডের আওতায় খাদ্য শস্যের উৎপাদন প্রাক্কলনে বর্তমান পদ্ধতি রিভিউ ও নতুন পদ্ধতি প্রণয়ণসহ প্রাইভেট স্টক সংক্রান্ত সার্ভে পরিচালনার মাধ্যমে খাদ্য শস্যের বিশেষত: চাল, গম ও ভুট্টার Supply Chain সম্পর্কে ফলাফল প্রকাশ করা হয়েছে।

১৬.৫ FAO এর আর্থিক ও কারিগরী সহায়তায় "স্ট্রেংদেনিং এ্যাগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম (AMIS) ইন বাংলাদেশ" শীর্ষক প্রকল্পে র চূড়ান্ত প্রতিবেদন নির্ধারিত সময় অর্থাৎ জুন , ২০১৭ তারিখের মধ্যে মধ্যে প্রকাশ করা হয়েছে। প্রকল্পের সার্বিক কর্মকান্ড যেমনঃ খাদ্য শস্যের উৎপাদন হিসাব প্রাক্কলন পদ্ধতির উন্নয়ন , প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা কর্মচারীগণের দক্ষতা উন্নয়ন , ব্যক্তি পর্যায়ে খাদ্য শস্যের স্টক সার্ভের মাধ্যমে এর ফলাফল সংক্রান্ত প্রতিবেদন Analytical Report on Methodologies of Crop Estimation & Forecast and Private Stock of Food Grain Survey 2016-2017 দেশের খাদ্য ব্যবস্থাপনায় এবং কৃষি বিষয়ক নীতি নির্ধারনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে মর্মে প্রতীয়মান হয়।



"স্ট্রেনদেনিং এগ্রিকালচার মার্কেট ইনফরমেশন সিস্টেম ইন বাংলাদেশ " প্রকল্পের সার্বিক কর্মকান্ড ও মার্চ-২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রাইভেট স্টক অব ফুড গ্রেইন সার্ভে-২০১৬-১৭ এর রিপোর্টে র মোড়ক উন্মোচন বিষয়ক ডিসেমিনেশন ওয়ার্কশপ গত ১৫ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব জনাব কে এম মোজাম্মেল হক।

১৭.০। প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচ নাঃ

১৭.১ প্রকল্পটির মূল মেয়াদকাল ছিল মে, ২০১৫ হতে জুন, ২০১৬ পর্যন্ত। বাস্তবায়ন ব্যয় ঠিক রেখে ১ম সংশোধনীর মাধ্যমে প্রকল্পটির বাস্তবায়নকাল ১ বছর বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প সংশোধনের ফলে বাস্তবায়ন ব্যয় বৃদ্ধি না পেলেও মূল কার্যক্রম বাস্তবায়নে বিঘ্ন ঘটে ও অর্থের অপচয় হয় (যেমনঃ কর্মচারীদের বেতন, বোনাস, পারিশ্রমিক) ইত্যাদি খাতে ব্যয় বৃদ্ধি পায়।

১৭.২ আলোচ্য প্রকল্পটির ২০১৬-২০১৭ সালের যে অংশের অডিট কার্যক্রম সম্পাদন করা হয়নি , তা সম্পাদন করার ব্যবস্থা নিতে হবে;

১৩.৫ শুমারী/জরিপ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর নিয়মিত কাজ। উন্নয়ন বাজেট থেকে পরিচালনা না করে রাজস্ব বাজেটের মাধ্যমে এ জাতীয় কাজ পরিচালনা করা সঠিক হবে মর্মে প্রতীয়মান হয়।

১৮.০। <u>সুপারিশ ঃ</u>

১৮.১ প্রকল্প সংশোধন করার ফলে বিপুল পরিমাণ সরকারি অর্থের অপচয় ঘটে। তাই বার বার প্রকল্প সংশোধন করার ধারা পরিহার করা বাঞ্ছনীয়। ভবিষ্যতেপ্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবে;

১৮.২ শুমারী/জরিপ প্রতি ৫ বছর পর পরিচালনা করতে হয়। ভবিষ্যতে এ জাতীয় শুমারী/জরিপ উন্নয়ন খাতের পরিবর্তে রাজস্ব বাজেটের অর্থ দ্বারা নিয়মিত কাজের অংশ হিসেবে পরিচালনা করা যায় কিনা সে বিষয়টি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বিবেচনায় রাখবে;

১৮.৩প্রকল্পটির ২০১৬-২০১৭ অর্থবছরের অনিষ্পন্ন Internal ও External অডিট সম্পাদনপূর্বক আইএমইডিতে অবহিত করতে হবে;

১৮.৪ অনুচ্ছেদ ১৮.১ – ১৮.৩ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আইএমইডি'কে যথাশীঘ্র অবহিত করতে হবে।

স্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন অ্যান্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত জুন, ২০১৭)

১.০	**প্রকল্পের নাম**	ঃ	স্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন অ্যান্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন ইউজিং জিআইএস প্রকল্প।
২.০	**উদ্যোগী মন্ত্রণালয়**	ঃ	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩.০	**বাস্তবায়নকারী সংস্থা**	ঃ	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৪.০	**প্রকল্পের ধরন**	:	কারিগরী সহায়তা প্রকল্প
৫.০	**প্রকল্প এলাকা**	ঃ	সমগ্র বাংলাদেশ
৬.০	**উন্নয়ন সহযোগী**	:	ইউএনএফপিএ, বাংলাদেশ

৭.০	**প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)**	**ঃ**	**মোট**	**টাকা**	**প্রকল্প সাহায্য**	**হ্রাস/বৃদ্ধি**
৭.১	মূল	ঃ	১৫৯৮.২৫	৫৪০.২৫	১০৫৮.০০	--
৭.২	১ম সংশোধিত	ঃ	১৯৯৭.০০	৫৮৭.৬০	১৪০৯.৪০	--
৭.৩	২য় সংশোধিত	ঃ	২১০০.০০	১৩৩৮.২৫	৭৬১.৭৫	

৮.০ বাস্তবায়নকাল	**ঃ**	**আরম্ভ**	**সমাপ্তি**
৮.১ মূল অনুমোদিত	ঃ	জুলাই- ২০১২	জুন, ২০১৭
৮.২ ১ম সংশোধিত অনুমোদিত	ঃ	জুলাই- ২০১২	জুন, ২০১৭

৯.০ সাধারণ পর্যবেক্ষণ :

৯.১ পটভূমি :

জাতীয় পর্যায়ে সব ধরনের তথ্য সংগ্রহের একমাত্র সরকারি প্রতিষ্ঠান হচ্ছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), যা ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত হয়েছে। বিবিএস এর বিভিন্ন কার্যক্রম ফলপ্রসূ ও ত্বরান্বিত করার লক্ষ্যে UNFPA তাদের ৫ম, ৬ষ্ঠ ও ৭ম কান্ট্রি প্রোগ্রামের আওতায় বিবি এসকে সহায়তা দিয়ে আসছে। উক্ত ৩টি কান্ট্রি প্রোগ্রামের আওতায় UNFPA মাঠ ভেরিফিকেশনের মাধ্যমে ডিজিটাল মৌজা ম্যাপ তৈরি ও হালনাগাদকরণে সহায়তা দিয়েছে যা বিভিন্ন শুমারী , দুর্যোগ মোকাবেলা ব্যবস্থা ও স্বাস্থ্য সেবায় যথেষ্ট ফলপ্রসূ হিসেবে বিবেচিত হয়েছে। বাংলাদেশের আর্থ সামাজিক বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে বিভিন্ন পর্যায়ে সংগৃহীত উপাত্তের আরও নির্ভুল প্রয়োগ নিশ্চিতকরণের লক্ষ্যে UNFPA তাদের ৩টি কান্ট্রি প্রোগ্রামের আওতায় বিবিএস এর ক্যাপাসিটি বিল্ডিং -এ সহায়তা দানে অর্থ বরাদ্দ করেছে। এমডিজি বাস্তবায়নে বিবিএস এর প্রণীত উপাত্ত বিশ্লেষণ জনসংখ্যা হ্রাস , শিক্ষা ও মাতৃ -মৃত্যু হ্রাস, দারিদ্র বিমোচন ইত্যাদি খাতের তুলনামূলক আলোচনা ও প্রতিবেদন প্রণয়নে সহায়ক হয়েছে। বিভিন্ন শুমারি ও জরিপে প্রাপ্ত উপাত্তসমূহকে ডিজিটাল ম্যাপের (GIS) সাথে সমন্বয় করে আরও যুগোপযোগী সিদ্ধান্ত সম্ভব হবে যা এমডি জি বাস্তবায়নে আরও সহায়ক হবে। দেশের বিভিন্ন আঞ্চলিক অবস্থা নির্ভুল

ম্যাপের ব্যবহার অনস্বীকার্য। বিবিএস সমগ্র দেশের ডিজিটাল ম্যাপ সংগ্রহ করে ডিজিটাল গণনা এলাকা (Enumeration Area) ম্যাপ তৈরি করছে। জেন্ডার ইক্যুয়ালিটি, নারীর প্রতি সহিংস আচরণ এবং আর্থ-সামাজিক উন্নয়নের প্রতিটি স্তরে নারী পুরুষে বৈষম্য দূরীকরণে প্রকৃত Time series ডাটার জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল।

১০.২ প্রকল্পের উদ্দেশ্যেঃ

(১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ, তথ্য প্রকাশসহ প্রতিবেদন প্রণয়নে দক্ষতা বৃদ্ধি;

(২) বাংলাদেশে নারীর প্রতি সহিংসতা (Violence Against Women) বিষয়ক Time series data প্রস্তুতকরণ;

(৩) আদমশুমারির তথ্য ও জিও ডেটা বেইজ ব্যবহার করে Small Area Atlas প্রস্তুতকরণ;

(৪) শিক্ষা ও স্বাস্থ্য সেবা চিহ্নিত করে জিআএস গণনা এলাকার মৌজা ম্যাপ হালনাগাদকরণ;

(৫) Sample Vital Registration System (SVRS) প্রকল্পের এবং জিআই তথ্যের গুণগতমান বৃদ্ধিকরণ;

(৬) Sample Vital Registration System (SVRS) প্রকল্পের তথ্য অনলাইনে ধারণসহ SVRS তথ্য বিশ্লেষণের জন্য কেন্দ্রীয় স্বতন্ত্র ল্যাব স্থাপন করা এবং

(৭) শুমারি ও জরিপের তথ্য ডিজিটাল মানচিত্রে সমন্বয় করণ।

১১.০ **প্রকল্পের অনুমোদন পর্যায়ঃ**

আলোচ্য প্রকল্পটি ১৫৯৮.০০ লক্ষ টাকা (জিওবি ৫৪০.০০ + ইউএনএফপিত ১০৫৮) প্রাক্কলিত ব্যয়ে জুন, ২০১২ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৯-১১-২০১২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। গত ৩১-১২-২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পটির ১ম সংশোধন করা হয়। পরবর্তীতে বাস্তবতার নিরিখে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি পেয়ে ২১০০.২২ লক্ষ টাকা নির্ধারণ করে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২য় বার সংশোধন করা হয়।

১২.০ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

(১) পপুলেশন, ডেমোগ্রাফিক, স্বাস্থ্য ও শিক্ষা সম্পর্কিত তথ্য সংগ্রহ;

(২) Violence Women Survey এর উপর Time Series data প্রস্তুত করা;

(৩) Small Area Atlas প্রস্তুতকরণ;

(৪) নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মৌজা/মহল্লা ম্যাপ সাম্প্রতিকীকরণ ও এডিটিং;

(৫) সার্ভে অনুষ্ঠানসহ রিপোর্ট প্রকাশ;

(৬) বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীদের উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি করা;

(৭) GIS based Data base Development.

১৩. প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (প্রকল্প পরিচালকের তথ্য মতে):

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress	
		Financial	Physical (Quantity)	Financial	Physical
1	2	3	4	6	7
Project Staff Salary/Allowances	7	54.85	7	54.81	7
Subtotal:		**54.85**		**54.81**	
TA/DA (Field verification for GIS Maps)	64 (Dist.)	226.68	64	226.68	64
Field GPS data collection on health & education facility	64 (Dist.)	56.60	64	56.40	64
Telephone/Telegram/Tale printer	LS	0.30	LS	0.29	LS
Internet/Telex/ Fax	LS	0.28	LS	0.22	LS
Registration, Fees, Fitness, Insurance, etc.	LS	5.77	LS	5.56	LS
Patrol, Fuel and Lubricant	4	38.00	4	38.00	4
Printing and publication (Atlas, VAW, Thematic & Digital Maps)	64 Dist. including City corp.	130.67	64 dist.	130.67	64 dist.
Expendable equipment's	LS	24.21	LS	24.21	LS
Office Stationary	LS	15.13	LS	15.13	LS
Books, Reports & Reference materials of office use	LS	1.91	LS	1.91	LS
Daily Newspapers Magazine & others	LS	0.02	LS	0.02	LS
Overseas Training/visit	LS	70.50	LS	70.50	LS
Organizing cost at destination of overseas Training/visit	LS	-	LS	-	LS
International/Regional Meeting/Conference/Workshop	LS	-	LS	-	LS
Local trainings for VAW/ARC GIS/ERDAS imagine/Geo-Database/ SPSS/ STATA/BD-info / SQL or Oracle/ System administration/ Crystal reports/ web development and others	LS	107.45	LS	107.45	LS
2 daylong orientation (Gender/data collection etc)	LS	20.07	LS	20.07	LS

3 day long orientation on Mapping and map update/one day Dissemination Workshop for 8 Divisions	LS	41.15	LS	41.15	LS
Orientation Programs (Data analysis/ VAW/data processing/ editing coding/data capturing/sampling techniques for census and surveys/ survey design/ Report writing/Health & Demography/ Gender Statistics and others)	LS	79.89	LS	79.89	LS
Local training on analytical report writing	LS	8.27	LS	8.27	LS
Local training on Techniques of data analysis	LS	15.00	LS	15.00	LS
2 day long Refresher Training for SVRS Enumerators and supervisors	LS	200.11	LS	200.11	LS
Institutional engagement for providing technical support for GIS, Geo database and ATLAS for maintenance, hands on training, troubleshooting and technology transfer	LS	100.90	LS	100.90	LS
Dissemination of project Outputs (REDATAM)	LS	60.00	LS	60.00	LS
Food and Refreshment	LS	7.24	LS	7.24	LS
Carrying Cost	LS	6.97	LS	6.97	LS
Irregular Labor	LS	7.80	LS	7.80	LS
Finance/Admin Associate	1	45.61	1	45.61	1
Supervision of VAW/GIS Map Zila and Upazila personnel (DJD/DD/USO/TS/ SI / SA/ JSA)	64 Dist.	66.44	64	66.44	64
Online data management system development for SVRS data entry from district level with implementation training	1	41.53	1	41.53	1
Map Editing, conversion, processing	LS	38.75	LS	38.75	LS
Data entry for Geo database and survey		-		-	
Thematic Map & small area ATLAS	64 Dist.	11.74	64	11.74	64
VAW survey sample design, Pretest, editing & coding, data	1	164.61	1	164.61	1

analysis, Data entry & processing and report writing (GOB) & Multimodal Census					
Computer Accessories (Toner, Pen drive, CD& other accessories)	LS	15.24	LS	15.24	LS
Technical /working group & others project related meetings	27	9.91	27	9.91	27
Meeting PSE/PIC/Technical Com/Working Group & Other project related meeting	35	52.09	35	52.09	35
Evaluation /Meeting/Audit		30.84	-	30.84	-
Other contingencies/ Miscellaneous expenditure		22.52	-	22.52	-
Subtotal:		**1724.20**	-	**1723.72**	-
Maintenance of Vehicles	4	22.73	4	22.73	4
Maintenance of Equipment & others	LS	35.92	LS	35.92	LS
Subtotal:		**58.65**		**58.65**	
Non expendable equipment & Refurbishment of office space/GIS LAB	LS	0.98	LS	0.98	LS
Vehicle (2 Jeep –2500cc)	2	39.48	2	39.48	2
Map copier	2	15.60	2	15.60	2
Heavy duty Photocopier	1	7.40	1	7.40	1
Fax	1	0.45	1	0.45	1
A3 Scanner	1	2.82	1	2.82	1
GPS/Handheld device	70	28.10	70	28.10	70
Air Conditioner (For GIS lab)	2	2.60	2	2.60	2
Laptop	1	0.90	1	0.90	1
Desktop computer	15	8.90	15	8.90	15
LaserJet colour printer	1	1.70	1	1.70	1
Laser jet printer	3	2.69	3	2.69	3
Map printer	2	4.20	2	4.20	2
Computer software	LS	6.26	LS	6.26	LS
Furniture (HQ & field)	LS	4.00	LS	4.00	36
Fire-extinguisher	LS	0.97	LS	0.97	15
Subtotal:	-	**127.05**		**127.05**	
Custom duty & Vat	2	135.25		135.25	2

Subtotal:	-	**135.25**		**135.25**	**-**
Total:	-	**2100.00**		**2099.48**	**-**

১৪. অনুমোদিত ক্রয় পরিকল্পনার বিপরীতে অগ্রগতি			প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের তথ্যানুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রার পরিপ্রেক্ষিতে বছরভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ (লক্ষ টাকায়)			
অর্থবছর	**টিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা**		**এডিপি বরাদ্দ**	**বাস্তবায়ন অগ্রগতি**		**মন্তব্য**
	কাজ	**পরিমাণ**		**পরিমাণ**	**আর্থিক**	
২০১২-২০১৩	১. ম্যাপ কপিয়ার	১টি	১৫.৬০	১টি	১৫.৬০	জিওবি
	২. হেভি ডিউটি ফটোকপিয়ার	১টি	১.৭০	১টি	১.৭০	জিওবি
	৩. ফ্যাক্স	১টি	০.৪৫	১টি	০.৪৫	জিওবি
	৪. জিপিএস	৭০টি	৬.৩৫	৭০টি	৬.৩৫	জিওবি
	৫. এয়ার কন্ডিশনার	২টি	২.৬০	২টি	২.৬০	জিওবি
	৬. ল্যাপটপ	১টি	০.৯০	১টি	০.৯০	জিওবি
	৭. লেজার জেট কালার প্রিন্টার	১টি	১.৭০	১টি	১.৭০	জিওবি
	৮. লেজার জেট প্রিন্টার	৩টি	২.৬৯	৩টি	২.৬৯	জিওবি
	৯. ম্যাপ প্রিন্টার	১টি	১.৭০	১টি	১.৭০	জিওবি
	১০. কম্পিউটার সফটওয়্যার	LS	৬.২৬	১০টি	৬.২৬	জিওবি
	১১. ফার্নিচার	LS	৪.০০	৩৬	৪.০০	জিওবি
	১২. অগ্নি নির্বাপক	LS	০.৯৭	১৫	০.৯৭	জিওবি
২০১৩-২০১৪	-	-	-	-	-	
২০১৪-২০১৫	১. জীপ গাড়ী	২টি	৩৯.৪৮	২টি	৩৯.৪৮	ডিপিএ
	২. ফটোকপিয়ার	১টি	৫.৭০	১টি	৫.৭০	ডিপিএ
	৩. A3 স্ক্যানার	১টি	২.৮২	১টি	২.৮২	ডিপিএ
	৪. ডেস্কটপ কম্পিউটার	১৫টি	৮.৯০	১৫টি	৮.৯০	ডিপিএ
২০১৫-২০১৬	১. জিপিএস	৫০টি	২১.৭৫	৫০টি	২১.৭৫	ডিপিএ
২০১৬-২০১৭	১. ম্যাপ প্রিন্টার	১টি	২.৫০	১টি	২.৫০	ডিপিএ

১৫. প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ			
প্রকল্প পরিচালকের নাম	**মূল দপ্তর ও পদবি**	**দায়িত্ব কাল**	**দায়িত্বের ধরন (নিয়মিত/অতিরিক্ত)**
জনাব মোঃ জাহিদুল হক সরদার	পরিচালক, বিবিএস	জুলাই, ২০১২ হতে জুন, ২০১৭ পর্যন্ত	অতিরিক্ত দায়িত্ব 28-11-2012 (as Project Director)
প্রকল্প পরিচালক একাধিক প্রকল্পের দায়িত্বে থাকলে সেসব প্রকল্পের নাম	প্রযোজ্য নয়।		

১৬.০ প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন অবস্থা পর্যালোচনা : গত ০৬.১১.২০১৭ তারিখে প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ও সংশিস্নষ্ট অন্যান্য কর্মকর্তাগণ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। প্রকল্পের মূল কার্যক্রমসমূহের বর্ণনা নিম্নরূপ ঃ

১৬.১ **ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ হালনাগাদকরণ:**

৬৪টি জেলার (১১টি সিটি কর্পোরেশনসহ) ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ হালনাগাদকরণ কাজ সম্পন্ন হয়েছে। মাঠ পর্যায়ের ম্যাপ সাম্প্রতিকরণের সাথে সাথে Global Positioning System (GPS) এর মাধ্যমে স্বাস্থ্য ও শিক্ষা সম্পর্কিত অবকাঠামোর অবস্থান চিহ্নিত এবং অন্যান্য তথ্য সংগ্রহ করে প্রতিবেদনে সন্নিবেশ করা হয়েছে।

১৬.২ **Small Area Atlas প্রণয়ন:**

Small Area Atlas যে কোন শুমারি এবং জরীপের কার্যকরী পরিকল্পনা এবং সুষ্ঠু বাস্তবায়নে মুখ্য হাতিয়ার হিসেবে ভূমিকা পালন করতে পারে। আদম শুমারি , ২০১১ এর তথ্য ও জিও ডেটাবেইজ ব্যবহারপূর্বক আলোচ্য প্রকল্পের আওতায় ৬৪টি জেলায় Small Area Atlas প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়েছে। Small Area Atlas প্রণয়নের ফলে দেশের শহর এবং গ্রামীণ অঞ্চলের মৌজা এবং মহল্লার অবস্থান জানা সম্ভব হবে।

১৬.৩ Violence Against Women Survey-২০১৫

জেন্ডার ইকুয়ালিটি আনয়ন , নারীর প্রতি সহিংসতা আচরণ এবং আর্থ - সামাজিক উন্নয়নের প্রতিটি স্তরে নারী -পুরুষ প্রভেদ, প্রভৃতি বিষয় নির্মূলের জন্য প্রকৃত ও সঠিক ডেটা বেইজ প্রণয়ন জরিপ অনুষ্ঠান শেষে (VAW) Survey-2015 এর রিপোর্ট গত ০২/১০/২০১৬ তারিখে প্রকাশ করা হয়

১৬.৪ Sample Vital Registration System (SVRS) প্রকল্পের তথ্য অনলাইনে ধারণ:

প্রকল্পের অন্যতম একটি উদ্দেশ্যে হচ্ছে Sample Vital Registration System (SVRS) এর মাঠ পর্যায়ের তথ্য ধারণ করে অনলাইনের মাধ্যমে কেন্দ্রীয় কার্যালয়ের সার্ভারে প্রেরণ করা। বাংলাদেশ পরিসংখ্যা ন ব্যুরোর অধীনে বাস্তবায়নাধীন Sample Vital Registration System (SVRS) প্রকল্পের উপাত্ত সংগ্রহ ও প্রকল্প কার্যালয়ে প্রেরণে সনাতন পদ্ধতি ব্যবহারের পরিবর্তে একটি অন লাইন ডাটা এন্ট্রি পদ্ধতি আলোচ্য প্রকল্পের আওতায় প্রবর্তন ও স্থাপন করা হয়েছে। এতে করে বর্ত মানে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারীগণ তথ্য সংগ্রহপূর্বক মাঠ পর্যায়েই এন্ট্রি করে তা কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করা হয়।

১৬.৫ বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান

বিবিএস এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা /কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য খুলনা বিভাগে ১০৫ জন এবং বরিশাল বিভাগে ১১০ জন কর্মকর্তা /কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও Violence Against Women Survey ২০১৫ কাজের জন্য গণনাকারী , সুপারভাইজার এবং সুপারভাইজিং কর্মকর্তাসহ মোট ১৮৯৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

Small Area Atlas রিপোর্ট:

আদমশুমারি ও গৃহগণনা ২০১১ এর তথ্যের ভিত্তিতে ৬৪টি জেলার Small Area Atlas তৈরীর কাজ সম্পন্ন করা হয়েছে।



Small Area Atlas Dissemination Seminar এ মাননীয় পরিকল্পনা মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল , এফসিএ, এমপি প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন।

Violence Against Women Survey ২০১৫

Violence Against Women Survey-২০১৫ এর চূড়ান্ত রিপোর্ট প্রকাশ করা হয়েছে।



NEC Auditoriem, Planning Commission, Sher-e-Bangla Nagar, Dhaka-এ Violence Against Women (VAW) Survey Dissemination Seminar-এ মাননীয় পরিকল্পনা মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল , এফসিএ, এমপি প্রধান অতিথি,

মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মেহের আফরোজ চুমকি, এমপি, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব কে এম মোজাম্মেল হক বিশেষ অতিথি , UNFPA বাংলাদেশ প্রতিনিধি, মিস আর্জেন্টিনা মেটাভেল পিসিন ও ইউরোপীয় ইউনিয়নের বাংলাদেশের প্রধান মি. পিয়েরে মায়াডন সম্মানীত অতিথি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক মোহাম্মদ আবদুল ওয়াজেদ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক জনাব মো. বাইতুল আমীন ভূঁইয়া উপস্থিত ছিলেন।

১৭. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections resolved or not
1	2	3	4
2013	31-03-2014	1. Loss of Govt. revenue amounting to Tk. 34039 due to less realization of value added tax (VAT) from the suppliers bills. 2. Loss of Govt. revenue amounting to Tk. 19064 due to less realization of Income tax from the suppliers bills.	নিষ্পত্তি হয়েছে
2014	15-04-2015	1. Excess amounting to Tk. 44,76,569.47 to the Chittagong Custom house for CD- VAT. 2. Revenue Loss amounting to Tk. 18,247.50 due to less deducted as Tax & VAT.	নিষ্পত্তি হয়েছে
2015	21-04-2016	1. VAT not deducted amounting to Tk. 1,19,282.00 from the dissemination program at PANPACIFIC SONARGAON, Hotel. 2. Discrepancy fund amount of Tk. 1324877.00 between financial statement and cash book and general ledger.	নিষ্পত্তি হয়েছে
2016	06-04-2017	1. Expenditure of Tk. 260250.00 incurred to violation PPR-2008. 2. Expenditure made Tk. 33,510.00 by showing same cash memo. 3. Stationary and others goods amounting to Tk. 14,90,625.00 not entered in to the stock register.	নিষ্পত্তি হয়েছে

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections resolved or not
1	2	3	4
2017	-	UNFPA fund ended at 31-12-2016 and GOB fund ended at 30-06-2017.	এখনও অডিট হয়নি। (01-01-2017-30-06-2017)

১৮. মালামাল ক্রয় সংক্রান্ত তথ্যঃ

টিপিপি অনুযায়ী মালামালের বিবরণ		বাস্তব অগ্রগতি		মন্তব্য
বিবরণ	সংখ্যা	সংখ্যা	ব্যয়	
১. ম্যাপ কপিয়ার	১টি	১টি	১৫.৬০	-
২. হেভি ডিউটি ফটোকপিয়ার	১টি	১টি	১.৭০	ডিপিএ
৩. ফ্যাক্স	১টি	১টি	০.৪৫	-
৪. জিপিএস	৭০টি	৭০টি	৬.৩৫	ডিপিএ
৫. এয়ার কন্ডিশনার	২টি	২টি	২.৬০	-
৬. ল্যাপটপ	১টি	১টি	০.৯০	-
৭. লেজার জেট কালার প্রিন্টার	১টি	১টি	১.৭০	-
৮. লেজার জেট প্রিন্টার	৩টি	৩টি	২.৬৯	-
৯. ম্যাপ প্রিন্টার	১টি	১টি	১.৭০	-
টিপিপি অনুযায়ী মালামালের বিবরণ		**বাস্তব অগ্রগতি**		**মন্তব্য**
বিবরণ	**সংখ্যা**	**সংখ্যা**	**ব্যয়**	
১০. কম্পিউটার সফটওয়্যার	LS	LS	৬.২৬	-
১১. ফার্নিচার	LS	LS	৪.০০	-
১২. অগ্নি নির্বাপক	LS	LS	০.৯৭	-
১৩. জীপ গাড়ী	২টি	২টি	৩৯.৪৮	ডিপিএ
১৪. ফটোকপিয়ার	১টি	১টি	৫.৭০	ডিপিএ
১৫. A3 স্ক্যানার	১টি	১টি	২.৮২	-
১৬. ডেস্কটপ কম্পিউটার	১৫টি	১৫টি	৮.৯০	ডিপিএ
১৭. জিপিএস	৫০টি	৫০টি	২১.৭৫	-
১৮. ম্যাপ প্রিন্টার	১টি	১টি	২.৫০	-

১৯. উদ্দেশ্য ও অর্জন:

কর্ম-পরিকল্পনা	অর্জন
<u>ডিজিটাল মৌজা/ মহল্লা ম্যাপ হালনাগাদকরণ:</u> (১) ৬৪টি জেলা ও ১১টি সিটি কর্পোরেশনের ডিজিটাল মৌজা/ মহল্লা ম্যাপ হালনাগাদকরণ কাজ সম্পন্নসহ মাঠ	**<u>ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ হালনাগাদকরণ:</u>** (১) ৬৪টি জেলার (১১টি সিটি কর্পোরেশনসহ) ডিজিটাল মৌজা/মহল্লা ম্যাপ হালনাগাদকরণ কার্যক্রম সম্পন্ন করা

কর্ম-পরিকল্পনা	অর্জন
পর্যায়ের ম্যাপ হালনাগাদকরণ সাথে সাথে স্বাস্থ্য ও শিক্ষা সম্পর্কিত অবকাঠামোর তথ্য Global Positioning System (GPS) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করা। **Small Area Atlas রিপোর্ট:** (১) ৬৪টি জেলা ও ১১টি সিটি কর্পোরেশনের আদমশুমারি ২০১১ এর তথ্যের ভিত্তিতে Small Area Atlas তৈরীর কাজ সম্পন্ন করা। **Violence Against Women Survey-২০১৫** Violence Against Women Survey- ২০১৫ এর রিপোর্ট প্রকাশ করা।	হয়েছে। **Small Area Atlas রিপোর্ট:** (১) ৬৪টি জেলার (১১টি সিটি কর্পোরেশনসহ) আদমশুমারি ২০১১ এর তথ্যের ভিত্তিতে Small Area Atlas তৈরীর কাজ সম্পন্ন করা হয়েছে। **Violence Against Women Survey-২০১৫** জরিপ অনুষ্ঠান শেষে (VAW) Survey-2015 এর রিপোর্টটির Dissemination গত ০২/১০/২০১৬ তারিখ NEC Auditorium এ অনুষ্ঠিত হয়।
SVRS এর মাঠ পর্যয়ের তথ্য online এ ধারণ: (১) SVRS এর মাঠ পর্যায়ের পাইলটিং এর তথ্য online- এ ধারণ করা।	**SVRS এর মাঠ পর্যয়ের তথ্য online এ ধারণ:** ৭টি বিভাগের ৭টি জেলার ৭টি পিএসইউ এর তথ্য মাঠ পর্যায়ের অনলাইনে এন্ট্রি ব্যবস্থা করে তা বিবিএস এর সার্ভারে ধারণ করা হয়েছে। এ বিষয়ে একটি প্রতিবেদনও প্রস্তুত করা হয়েছে।
বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান: (১) বিবিএস এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা।	**বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান:** (১) বিবিএস এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা / কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য সর্বমোট ৯৪১৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
অতিরিক্ত কাজ: Multimodal Census কার্যক্রম বিষয়ক মাস্টার প্লান প্রস্তুত ও REDATAM Software ব্যবহার।	(১) ২০২১ সালের আদমশুমারি ও গৃহগণনা অনুষ্ঠানের লক্ষ্যে একটি মাস্টারপ্লান প্রস্তুত করা হয়েছে। (১) REDATAM Software ব্যবহারপূর্বক আদমশুমারি, বস্তিশুমারি-২০১৪ এবং Violence Against Women (VAW) Survey-২০১১ ও ২০১৫-এর তথ্য বিবিএস -এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২০.০। প্রকল্পের বাস্তবায়ন সমস্যা পর্যালোচ নাঃ

২০.১ প্রকল্পটি জুলাই, ২০১২ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদকালে মূল বাস্তবায়ন ব্যয় ছিল ১৫৯৮.২৫ লক্ষ টাকা ।প্রকল্পটি ২ বার সংশোধন করা হয়েছে। সংশোধনে মেয়াদকাল ঠিক থাকলেও ২বার সংশোধনের ফলে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়ে ২,১০০ .০০ লক্ষ টাকা হয়েছে। ফলে মূল ব্যয় হতে ৫০১.৭৫ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি হয়েছে যা প্রায় ৩১%।

২০.২ উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন (২টি জিপগাড়ি) প্রকল্প সমাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুলে জমা দেয়ার বিধান রয়েছে। কিন্তু প্রকল্পের আওতায় ক্রয়কৃত ২টি জিপগাড়ি পরিবহন পুলে জমা না দিয়ে ইউএনএফপিএ সহায়তাপুষ্ট "স্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেক্টিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট " নামক নতুন প্রকল্পে স্থানান্তরিত করা হয়েছে।

২০.৩ আলোচ্য প্রকল্পটির ২০১৭ সালের যে অংশের অডিট কার্যক্রম সম্পাদন করা হয়নি , তা সম্পাদন করার ব্যবস্থা নিতে হবে;

২১.০। <u>সুপারিশ ঃ</u>

২১.১ প্রকল্পটি জুলাই, ২০১২ হতে জুন, ২০১৭ পর্যন্ত মেয়াদকালে মূল বাস্তবায়ন ব্যয় ছিল ১৫৯৮.২৫ লক্ষ টাকা ।প্রকল্পটি ২ বার সংশোধন করা হয়েছে। সংশোধনে মেয়াদকাল ঠিক থাকলেও ২বার সংশোধনের ফলে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়ে ২,১০০ .০০ লক্ষ টাকা হয়েছে । ফলে মূল ব্যয় হতে ৫০১.৭৫ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি করা হয়েছে যা প্রায় ৩১%। এভাবে বার বার প্রকল্প সংশোধন করার ফলে বিপুল পরিমাণ সরকারি অর্থের অপচয় ঘটে। তাই বার বার প্রকল্প সংশোধন করার ধারা পরিহার করা বাঞ্ছনীয়। ভবিষ্যতেপ্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবে;

২১.২ আলোচ্য প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়। এই প্রকল্পের Online-এ এন্ট্রি করার Softwere টি ব্যবহার করে মাঠ পর্যায়ের সংগৃহীত তথ্য মাঠ পর্যায়েই Online-এ এন্ট্রি করার ব্যবস্থা অন্যান্য প্রকল্পে অব্যাহত রাখার ব্যাপারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২১.৩ উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন প্রকল্প সমাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুলে জমা দেয়ার বিধান রয়েছে। কিন্তু প্রকল্পের আওতায় ক্রয়কৃত ২টি জিপগাড়ি পরিবহন পুলে জমা না দিয়ে ইউএনএফপিএ সহায়তাপুষ্ট "স্ট্রেংদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেক্টিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট " নামক নতুন প্রকল্পে স্থানান্তরিত করার লক্ষ্যে ডিপিপিতে উল্লেখ আছে কিনা এ বিষয়টি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আইএমইডি'কে অবহিত করবে।

২১.৪ প্রকল্পটির ২০১৭ সালের অনিষ্পন্ন Internal ও External অডিট সম্পাদনপূর্বক আইএমইডিতে অবহিত করতে হবে;

২১.৫ অনুচ্ছেদ ২১.১ – ২১.৪ এ বর্ণিত বিষয়ে গৃহীতব্য ব্যবস্থাদি সম্পর্কে আইএমইডি'কে যথাশীঘ্র অবহিত করতে হবে।